# পূর্ব্বাভাষ

বিপিনবিহারী চক্রবর্ত্তী মহাশয় ভবজলধিপারে গমন করিলে, আমার কুৎসিত কর্ম্মাক্ত অকিঞ্চিৎকর জীবনের একটি পরিচ্ছেদে কিঞ্চিৎ ব্যতিক্রম ঘটিবে বলিয়া থাটুরার ইতিহাস ও কুশদ্বীপ কাহিনী প্রচার করিবার ভার আমার উপর ন্যস্ত হইল। দিব্যধামগত উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় তাম্বলীর পারিবারিক বৃত্তান্ত ও জনসংখ্যা প্রভৃতি সংগ্রহ করিয়া দেওয়ায় উহাতে তাহা যোজিত হইয়াছে। প্রথমতঃ উক্ত গ্রন্থের পরিশিষ্টদ্বয়রূপে কুশদ্বীপবাসীর 'ভারত প্রদক্ষিণ' ও 'বঙ্গীয় তাম্বলী বৈশ্য' নামধেয় পুস্তক প্রকাশের সঙ্কল্প হইয়াছিল।

শেষোক্ত গ্রন্থের জন্য সর্ব্বাগ্রে চৌদ্দগ্রামী সমাজের কুলপাবন বিনোদবিহারী দত্তপ্রামাণিকের সহিত আলোচনা হইয়াছিল। তদনন্তর শুভক্ষণে ৪২ গ্রামী দক্ষিণদাঁড়া সমাজের শ্রীযোগেন্দ্রনাথ রক্ষিতের বিবরণী লাভ করিয়া বর্দ্ধমানিয়া ৪২ গ্রামী বষিয়ান ব্রহ্মানন্দ দত্তপ্রবরের সাক্ষাৎ পাইলাম। তাঁহার আগ্রহে উক্ত সমাজের কুলপঞ্জি আইসে। তিনি যে দুইখানি পরিচয় পত্র দিয়াছিলেন, তৎগ্রহণে শ্রীনীলরতন মুখোপাধ্যায় মেদিনীপুরে যাত্রা করিলেন। তথায় উত্তীর্ণ হইয়া শ্রুত হন, একখানি লিপি যাঁহার উদ্দেশে লিখিত তাঁহার সাক্ষাৎ লাভকরা অসম্ভব। সমস্ত দিন স্নানের জন্য জল উষ্ণ হইতে থাকে, কখন তিনি উঠিবেন তাহার স্থিরতা নাই। সহৃদয় শ্রীযুত দুর্গাদাস রক্ষিত তাঁহার বাটীতে সভা আহ্বান করিয়া অষ্টগ্রামী সমাজের বিবরণ সংগ্রহ করিয়া দিলেন। শ্রীযুত উমেশচন্দ্র দত্ত মহাশয় চতুর্গ্রামী সমাজের পরিচয় দেওয়াইলেন। সময়ান্তরে নীলরতন বাবু, বালেশ্বরের মহারাজা

বৈকুণ্ঠনাথ দেব বাহাদুর ও তুমকায় পল্লীসমাজের শ্রীহারাণচন্দ্র দে বি-এল, এর সন্নিহিত হইয়াছিলেন। বৈঁচী গ্রামে আমার হিতৈষী শ্রীমন্ত খাঁর পৃষ্ঠপোষক দামোদর দত্তের বংশধর শ্রীরাখালদাস দত্ত প্রামাণিক, নীলরতনকে চৌদ্দগ্রামী সমাজের কুলপঞ্জি দিয়া মহোপকার করিয়াছেন। বাঁকুড়ার শ্রীগিরীশচন্দ্র দত্ত বি-এল, এর আনুকুল্যে রাজগ্রামে আমার প্রতিনিধি, বাজহাটি সমাজের বিবরণ লয়েন। আমি স্বয়ং কলিকাতার হাটখোলায় যাইয়া, আদি সমাজের সমাজপতি শ্রীবঙ্কবিহারি লায়েকের নিকটে তাঁহার 'গড়ায়' লিখিত ৪২ খানি গ্রামের নাম ও কুটুম্বিতার কালে কুটুম্বের প্রাপ্য অর্থের 'মান', কে কত গণ্ডা কড়ি পাইবেন, তাহা শ্রবণ করিয়া আসি। 'গড়া' দেখান নাই। সপ্তগ্রামীদের বিষয় শ্রদ্ধেয় শ্রীরামগোপাল আশ আমাকে পরিজ্ঞাত করেন। এইরূপে উপাদান সংগৃহীত হইয়া, ভাষাতত্ত্বের প্রমাণ বলে তাম্বূলীকুলের সম্বন্ধ নির্ণয় ঘটিয়া উঠিল। আমরা সকলেই যে এক মূল হইতে উদ্ভূত তাহা স্থির হইয়া গেল।

লায়েক মহাশয়ের সমাজকে আদি ৪২ গ্রামী বলিবার হেতু এই যে, অন্যত্র যাওয়া নিবন্ধন, অপর ৪২ গ্রামীরা যেমন বটগ্রামী দত্ত, কর্ণপুরের সেন, চাকুলের দে, বড়েয়ার দত্ত, মধুগ্রামী সেন, দে এর দে, ও তেলকূপীর কর কহেন এই সমাজে তদ্রূপ পরিচয় প্রদত্ত হয় না, অথচ তাঁহাদের বসতি অপর সমাজের নির্দ্দিষ্ট ৪২ গ্রামের মধ্যেই আবদ্ধ রহিয়াছে, সুতরাং আদি বলিবার কারণ পাইয়াছি বলিতে হইবে।

ভেদ নির্দ্দেশ করিবার জন্য নামকরণ হইয়া থাকে। যৎকালে সকলে একত্রিত ছিলেন, নামে প্রয়োজনাভাব। ষষ্ঠীবর সিংহের বিবাহ উপলক্ষে নবসমাজ প্রাদুর্ভূত হইলে চৌদ্দগ্রামী হইতে পৃথকত্ব বোধের জন্য প্রাচীন দল আপনাদিগকে ৪২ গ্রামী আখ্যা দিলেন।

ঐতিহাসিক সন্দর্ভে অন্ধ মেরুদণ্ডস্বরূপ। আমি সত্যনিষ্ঠ শ্রীশম্ভুচন্দ্র দে বি-এল, মহাশয়ের লিখিত প্রবন্ধে তাহা লাভ করি। তাঁহারই পরামর্শে পরবর্ত্তী কালে 'তাম্বূলী বৈশ্যের' পরিবর্ত্তে গ্রন্থের নাম 'তাম্বূল বণিক' হইল।

বাল্যকালে কাশীধামে পিতৃদেব শ্রীযুক্ত উমেশচন্দ্র রক্ষিত মহাশয়ের সন্নিধানে সর্ব্বাগ্রে বৈশ্যত্বের কথা শ্রুত হইয়াছিলাম। ১২৭৮ অব্দে মনুসংহিতা পাঠকালে আমি বৈশ্যোচিত ভূতি উপাধি ব্যবহার করিতে আরম্ভ করি। 'তাম্বূল বণিকে' দিবার জন্য উক্ত স্মৃতি অবলম্বনে শ্রীতেজশ্চন্দ্র বিদ্যানন্দ মহাশয় বৈশ্যত্বের আলোচনা অধ্যায়ের অধিকাংশ লিখিয়া দেন। 'কুশদ্বীপ কাহিনী' ও 'সম্বন্ধ-নির্ণয়ের' ত্রিবিধ সংস্করণ কার্য্যে নানা বিষয়ে আমি তাঁহার সাহায্য প্রাপ্ত হইয়াছিলাম। পণ্ডিত পূর্ণচন্দ্র দে বি-এ, আমাকে একটি শব্দ দিয়া কৃতজ্ঞ করিয়াছেন।

'সম্বন্ধ-নির্ণয়' পুস্তকের মুদ্রণ পর্য্যায়ে এবার চতুর্থ সংস্করণ হইল। ইহাতে পূর্ব্বের কিয়দংশ পরিত্যক্ত ও ক্রোড়পত্র গৃহীত হইয়াছে।

# প্রথম সংস্করণের বিজ্ঞপ্তি

১৩০৪ বঙ্গাব্দে নব্যভারতে 'বাঙ্গালী বৈশ্য' শীর্ষক একটি প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল। ১৩০৮ অব্দের আশ্বিন মাসে 'মহাজন-বন্ধুর' অতিরিক্ত সংখ্যায়ে 'তাম্বূলীকুলের সম্বন্ধ-নির্ণয়' নামে অন্য একটি প্রস্তাব প্রকাশিত হয়। এতদুভয় অবলম্বনে বর্ত্তমান পুস্তক সঙ্কলিত হইল এতৎ সম্পাদনকল্পে আমি অনেকের নিকট সাহায্য পাইয়াছি। স্থল-বিশেষে তাঁহারা কি লিখিয়াছেন, তাহা শ্রবণ করিবার অবসর পাই নাই। এজন্য আমার কর্ত্তব্য সম্পাদনে ত্রুটি হইয়াছে। 'বাঙ্গালী বৈশ্য' পুস্তকাকারে প্রকাশ করিবার সময় আশা করিয়াছিলাম, কোন উপযুক্ত লেখক বিস্তৃতভাবে প্রস্তাবিত বিষয়ের আলোচনা করিবেন। এ পর্য্যন্ত কাহাকেও উদ্যোগী না দেখিয়া শারীরিক অপটুতা সত্ত্বেও পুনর্ব্বার আমাকে অগ্রসর হইতে হইল। আমার উক্তি অন্যের দ্বারা লিপিবদ্ধ হইয়া রচনা কার্য্য সমাধা হইয়াছে। তাম্বূলী-সভার প্রথম অধিবেশনের দিন রাজকীয় জাতিতত্ত্ব-নির্ণায়ক কার্য্যালয়ে প্রদত্ত ইংরাজী অনুবাদ সমেত তাম্বূলীকুলের সম্বন্ধ নির্ণয়ের দ্বিতীয় সংস্করণ 'বঙ্গীয় তাম্বূলী বৈশ্য' নামে প্রচারিত হইয়াছিল। এই গ্রন্থ উহার পরিমার্জ্জিত তৃতীয় সংস্করণ। সৎশূদ্রের অন্তর্গত বৈশ্যশাখায় অপর জাতির প্রতি লক্ষ্য রাখিয়া আমি আলোচ্য বিষয়ের অবতারণা করিয়াছি, অতএব জাতিতত্ত্ব অনুসন্ধানকারী পাঠকমাত্রকে অনুরোধ করিতেছি, কৃপা করিয়া পুস্তকখানি পাঠ করিবেন।

ফলগূৎসব—১৩১০ 
কাশীধাম। 

শ্রীদুর্গাচরণ ভূতি

# চিত্র পরিচয়

যে পুণ্য শ্লোকের প্রতিকৃতি প্রদত্ত হইল, তিনি সংযতবাক্, সংযত-কায়, সংযতমানস, ভক্তিমান, সদাচারসম্পন্ন ও সদালাপী ব্যক্তি ছিলেন। তাঁহার আবির্ভাব কাল, হয়দাদপুর—১২২০ অব্দের ২৪ মাঘ, তিরোভাব, কাশীধাম—১৩১৪ সালের ২৩ বৈশাখ। অবস্থিতি কালের সময়, ৯৪ সংবৎসর। তিনি যৌবনকালে, বণিক পথ ও বৃদ্ধ সেবা করিতেন। মিতব্যয়ী, ঋণভীত, সংস্কৃত ভাষা ও শাস্ত্রানুরাগী ছিলেন। পরোপকারে উৎসাহ পাইতেন। শিল্পবুদ্ধি ছিল। আহার যেমন লঘু, আশাও তেমনি লঘু রাখিতেন। বাহিরে গৃহস্থ, অন্তরে সন্ন্যাসী বলিয়া সংসারে কোন পদার্থকে প্রিয় ভাবিতে পারেন নাই। তজ্জন্য অশোক ও নিষ্পাপ থাকিতে পারিয়াছিলেন।

# সূচী

## উপক্রমণিকা


| | | |
|---|---|---|
| যোগ্যতরের সংরক্ষণ | ... | ১ |
| মানবের আবির্ভাব | ... | ২ |
| ভাষার উৎপত্তি | ... | ৮ |
| সংযোগ অসাপেক্ষ, সংযোগ সাপেক্ষ ও বিভক্তি সম্পন্ন ভাষা | | ৯ |
| আর্য্যজাতি ... | ... | ১০ |
| আর্য্যজাতির ভারত প্রবেশ | ... | ১১ |
| ঋগ্বেদ ... | ... | ১২ |
| বর্ণ শব্দের অর্থ, রং | ... | ১৪ |
| বর্ণভেদ বিষয়ক রূপক | ... | ১৫ |
| বৈদিককালে বর্ণভেদের আভাস | ... | ১৬ |
| মহাভারতীয়কালে বর্ণভেদ | ... | ১৭ |
| অনার্য্যজাতি ... | ... | ২৫ |
| আর্য্যীকরণ ... | ... | ২৮ |
| সঙ্কর জাতি ... | ... | ২৯ |
| বৈশ্যের শূদ্র হইবার কারণ | ... | ৩১ |
| প্রাকৃতিক জাতি | ... | ৩১ |
| ককেশীয় নিগ্রিটো জাতির মিশ্রণ | ... | ৩১ |
| সঙ্কর হইবার কারণ | ... | ৩৩ |
| অনার্য্যের আর্য্যধর্ম্ম গ্রহণ | ... | ৩৬ |
| নব ব্রাহ্মণ ... | ... | ৩৯ |
| নব ক্ষত্রিয় ... | ... | ৩৯ |
| নববৈশ্য ... | ... | ৪১ |

ঋগ্বেদের কালে জাতিভেদ ... ৪২
প্রাচীন মহাভারতের যুগে জাতিভেদ ... ৪২
দার্শনিক যুগে জাতিভেদ ... ৪২
বৌদ্ধযুগে জাতিভেদেব শিথিলতা ... ৪২
পৌরাণিক যুগে জাতিভেদেরকঠোরতা বৃদ্ধি ৪৩
মঙ্গোলীয় অনার্য্য ... ৪৩
বর্ত্তমান হিন্দুধর্ম্মের অভ্যুদয় ... ৪৩
নেপালীয় জাতিভেদ ... ৪৪
বঙ্গে আর্য্যনিবাস ... ৪৬
অনাৰ্য্য জাতিব দেবতা . . ৪৬
তন্ত্র ... ... ৪৬
সাত প্রকার শূদ্র ... ... ৪৭
সৎশূদ্র ... . . ৪৮
নবশাখ ... ... ৪৯
গুণ-কর্ম্মেব অর্থ ... ... ৫০
বৈশ্য নির্ণয় ... ... ৫০
৺মধুসূদন স্মৃতিরত্নের অনুমোদিত ব্যবস্থা ৫১
আনুষ্ঠানিক বৈশ্য ... ৫৮
তাম্বূলী বৈশ্য ... ... ৫৯
জাতীয় জীবনীশক্তি ... ... ৫৯
ভূতি উপাধি ... ... ৬১
উপবীত গ্রহণে স্বেচ্ছাচারিতা ... ৬১
শাস্ত্রাধ্যয়নের আবশ্যকতা ... ৬১
বর্ণভেদ সম্মানের নিদান ... ৬১

দলভেদের কারণ ... ... ১৭৪
পারমার্থিক বিষয়ে ঔদাসিন্য ... ... ১৭৫
বৈশ্যের শূদ্র হইবার কারণ ... ... ১৭৫
ব্যঙ্গকারী ... ... ১৭৫
ব্রাহ্মণ পূজনীয় ... ... ১৭৬
কুদিক দেখা ... ... ১৭৭
তাম্বূলীর বৈশ্যত্বের প্রমান ... ... ১৭৯
সত্ত্বগুণের পরিচয় ... ... ১৮১
বৈশ্য জীবন ... ... ১৮২
বৈশ্যের কর্ম্ম বিধি ... ... ১৮৩
দ্বিজপদ বাচ্য ... ... ১৮৫
বৈশ্যপদ বাচ্য ... ... ১৮৯
শূদ্রপদ বাচ্য ... ... ১৯২
৭ প্রকার দাস ... ... ১৯৪
দাস বা অনার্য্য শূদ্র ... ... ২০০
আর্য্য শূদ্র ... ... ২০০
আর্য্য শূদ্রের কর্ম্মবিধি ... ... ২০১
তাম্বূলীর কর্ম্ম ... ... ২০৩
বৈশ্যের শূদ্রত্ব সংঘটন ... ... ২০৫
তাম্বূলীতে শূদ্রের লক্ষণ নাই ... ... ২০৭

## পরিশিষ্ট

তাম্বূল ... ... ২০৯
গোভিল ... ... ২০৯
সুশ্রুত ... ... ২০৯

| | | | |
|---|---|---|---|
| কালিদাস | ... | ... | ২১০ |
| তাম্বুলী | ... | ... | ২১০ |
| বেত্রিলা | ... | ... | ২১০ |
| মৎস্য সূক্ত | ... | ... | ২১১ |
| মার্কণ্ডেয় পুরাণ | ... | ... | ২১১ |
| ডাঃ অম্বিকা চরণ রক্ষিত | ... | ... | ২১২ |
| মাদক | ... | ... | ২১৩ |
| তাম্বুলী | ... | ... | ২১৪ |
| তাম্বুলীর প্রথম উল্লেখ | ... | ... | ২১৪ |
| ব্রহ্মবৈবর্ত্তপুরাণ | ... | ... | ২১৪ |
| বল্লাল চরিত | ... | ... | ২১৪ |
| তাম্বুলী নাম হিন্দুস্থানীত্বের পরিচায়ক | ... | ... | ২১৫ |
| ধনরাম চক্রবর্ত্তী ও ধর্ম্মমঙ্গল | ... | ... | ২১৫ |
| সেন্সস পরিদর্শক | | | |
| শ্রীযুক্ত রিসলী | ... | ... | ২২২ |
| বিশ্বকোষ | ... | ... | ২২৩ |
| আবেদন | ... | ... | ২২৭ |
| উত্তর | ... | ... | ২৩১ |
| রিসলীর ঔপন্যাসিকতা | ... | ... | ২৩২ |
| ৺ যোগীন্দ্রনাথ স্মার্ত্ত শিরোমণি | ... | ... | ২৩২ |
| শ্রীযুক্ত লাল মোহন বিদ্যানিধি | ... | ... | ২৩২ |
| মুসলমান তাম্বুলী | ... | ... | ২৩৪ |
| শ্রীযুক্ত ক্রুক | ... | ... | ২৩৪ |
| তাম্বুলী ফুকন | ... | ... | ২৩৫ |

# তাম্বূল বণিক

বা

# বঙ্গীয় তাম্বূলী বৈশ্য।

## উপক্রমণিকা

জগতে কোন জাতীয় জীব বা উদ্ভিদ্ একরূপ থাকে না। সকলেই কাল সহকারে পরিবর্ত্তিত হইতেছে। এই পরিবর্ত্তন আন্তরিক, কেবল বাহ্যিক নহে। ইহাতে কেবল গুণান্তরাধান হয় এমন নহে, প্রকৃতিগত প্রভেদও জন্মে। এই পরিবর্ত্তনবশে এক জাতীয় জীব বা উদ্ভিদ্ হইতে সম্পূর্ণ পৃথক্ অন্য এক জাতীয় জীবের বা উদ্ভিদের প্রাদুর্ভাব হইয়া থাকে। ভূতত্ত্ব পর্য্যালোচনা করিলে জানা যায় যে, অগ্রে এই পৃথিবীতে উদ্ভিদ্ ও জীবের কতিপয় জাতি মাত্র বিদ্যমান ছিল, পরে অসীম কাল সহকারে উহা হইতে অসংখ্য জাতীয় উদ্ভিদ্ ও জীবের প্রাদুর্ভাব ঘটিয়া সর্ব্বশেষে মানবের উৎপত্তি হইয়াছে। ভূপঞ্জরের নিম্নতর স্তরে অপেক্ষাকৃত অল্পসংখ্যক জীবের ও উদ্ভিদের চিহ্ন পাওয়া যায়, কিন্তু যত উর্দ্ধস্থিত স্তরে উঠা যায়, তত অধিকসংখ্যক জাতির উপলব্ধি হইতে থাকে। ভূমণ্ডলের ভিন্ন ভিন্ন স্তর ভিন্ন ভিন্ন যুগে সঙ্ঘটিত হইয়াছে; সুতরাং পূর্ব্বতন কালে অল্পসংখ্যক জাতি বিদ্যমান ছিল; অধুনাতনকালে ক্রমশঃ অধিকতর জাতির সৃষ্টি

হইয়াছে। কিন্তু এই যে ক্রমশঃ অধিকতর জাতির সৃষ্টি হইয়াছে, ইহা কখনই শূন্য হইতে প্রাদুর্ভূত হইতে পারে না—পূর্ব্ব পূর্ব্ব জাতি হইতেই উত্তরোত্তর জাতির সৃষ্টি হইয়াছে। যে প্রক্রিয়া দ্বারা এক জাতি হইতে অন্য জাতির এইরূপ প্রাদুর্ভাব হয়, অথবা সৃষ্টি-পারম্পর্য্য বিধৃত থাকে, তাহাকে প্রাকৃতিক নির্ব্বাচন অথবা যোগ্যতরের সংরক্ষণ বলে। প্রকৃতির নিয়ম অনুসারে যাহা সারযুক্ত ও গুণসম্পন্ন, তাহা রক্ষিত হয় এবং যাহা নিস্তেজ ও নিকৃষ্ট, তাহা বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। এই প্রাকৃতিক নির্ব্বাচন বলেই ভিন্ন জাতীয় উদ্ভিদ্ বা জীব আপন হইতে উৎকৃষ্ট জাতি উৎপাদন করিয়া ক্রমে হ্রাস হইয়া উহা এককালে বিলুপ্ত হয়, অথবা হীনভাবে অবস্থান করে; এই প্রাকৃতিক নির্ব্বাচনের বলেই সূক্ষ্ম হইতে স্থূল, নিকৃষ্ট হইতে উৎকৃষ্ট ও ঋজু হইতে জটিল ক্রমশঃই উদ্ভূত হইতেছে।

প্রাকৃতিক নির্ব্বাচন অথবা যোগ্যতরের সংরক্ষণ নিয়মানুসারেই কালে কালে এই পৃথিবীতে মনুষ্য জাতির আবির্ভাব হইয়াছে। মনুষ্য যে সৃষ্টির নিয়মাতীত হইয়া সৃষ্ট হইয়াছে অথবা একেবারে আকাশ হইতে উদ্ভূত হইয়াছে, তাহা নহে। যে নিয়মে কালে কালে পৃথিবী সৃষ্ট হইয়াছে, যে নিয়মে উদ্ভিদ্ প্রস্তর ও অপরাপর জীবজন্তুর সৃষ্টি হইয়াছে, সেই একই নিয়মবলে মনুষ্যেরও সৃষ্টি হইয়াছে। কি জড় প্রকৃতিতে, কি জীব-প্রকৃতিতে, যত প্রক্রিয়া হইতেছে, তৎসমস্তই চিরস্থায়ী নিয়মের অধীন; তাহারা যে সময়ে সময়ে কোন স্বতন্ত্র শক্তির পরিচালন-প্রভাবে ঐরূপ হইতেছে তাহা নহে। তৃণ হইতে মনুষ্য পর্য্যন্ত সমুদয় জাতি প্রাকৃতিক নিয়মানুসারে ভিন্ন ভিন্ন জাতি হইতে যথাক্রমে উদ্ভূত হইয়াছে। জাতি সকল যদি পৃথক পৃথক ভাবে সৃষ্ট হইত, তাহা হইলে তাহাদের আকার, প্রকার, অবস্থা, কার্য্য প্রভৃতি

সর্ব্বতোভাবে বিসদৃশ ও বিভিন্ন বলিয়া বোধ হইত। কিন্তু যখন দেখা যায় যে, কি জড়-রাজ্যে, কি উদ্ভিদ্-রাজ্যে, কি জীব-রাজ্যে, সৃষ্টির সর্ব্বত্রই ধারাবাহিক শৃঙ্খলা বিদ্যমান রহিয়াছে—কি দৈহিক বিষয়ে, কি ইন্দ্রিয় ব্যাপারে, কি প্রজনন ক্রিয়ায়, কি মানসিক গুণে, ও এইরূপ অন্যান্য অনেক বিষয়ে জীব-রাজ্যে পরস্পরের সহিত পরস্পরের ঐক্য আছে, তখন একই জীব হইতে যে অন্য জীবের সৃষ্টি বা রূপান্তর সঙ্ঘটিত হইয়াছে, ইহা স্বতঃসিদ্ধ। অবস্থার পরিবর্ত্তন অনুসারে জাতি সকল এইপ্রকার পরিবর্ত্তিত ও রূপান্তরিত হইয়া থাকে। যখন অবস্থাভেদ-নিবন্ধন গৃহপালিত পশুর এত পরিবর্ত্তন হইতেছে ও একটী ক্ষুদ্র বীজ হইতে প্রকাণ্ড মহীরুহ উৎপন্ন হইয়া থাকে ও শোণিত শুক্রের পরিণামে আশ্চর্য্য মানব-দেহ উদ্ভূত হয়, তখন ভূমণ্ডলে নূতন জাতি পরম্পরার উৎপত্তি ও যে সেইরূপ অবস্থা-ভেদ নিবন্ধন সঙ্ঘটিত হইয়াছে, তাহা নিঃসংশয়ে বলা যাইতে পারে। জাতিসকল যদি পৃথক্ পৃথক্ সৃষ্ট হইত, তাহা হইলে কোন্‌গুলি জাতি, কোন্‌গুলি বা এক জাতির অন্তর্গত ভিন্ন ভিন্ন শ্রেণী, তাহা লইয়া এত বিসম্বাদ ঘটিত না। বর্ত্তমান জাতি-পরম্পরার নিম্ন হইতে নিম্নতর ও উচ্চ হইতে উচ্চতর শৃঙ্খলা যেরূপ সুসম্বদ্ধ রহিয়াছে, তাহাতে ক্রমিক প্রাদুর্ভাবই দেখা যায়। নতুবা, সৃষ্টিকর্ত্তা প্রথম যুগে সরীসৃপের উৎপাদন করিলেন, তৎপরে কিছুকাল বিশ্রাম করিয়া মৎস্য জাতির সৃষ্টি করিলেন, অনন্তর আর এক যুগে তির্য্যক্ জাতির সৃষ্টি করিলেন, ইহা যুক্তি ও দৃষ্টান্ত বিরুদ্ধ।

ক্রম-প্রাদুর্ভাবের নিয়মানুসারে মানব যে নিম্ন জীব হইতে ক্রমশঃ প্রাদুর্ভূত হইয়াছে, তৎপক্ষে সংশয় নাই। কেবল যে পৃথিবীর স্তর সকল পরীক্ষা করিয়া, মানবের বিকাশ সর্ব্বশেষে, ইহা অনুমিত হইয়াছে,

তাহা নহে; পরন্তু, নিকৃষ্ট জীবগণের সহিত সৌসাদৃশ্য থাকায়ও একথা স্পষ্ট বুঝিতে পারা যায়। মানব-দেহের আন্তরিক গঠন ও ধাতুসকল পর্য্যালোচনা করিলে নিকৃষ্ট জীবের সঙ্গে সম্পূর্ণ সৌসাদৃশ্য বোধ হয়। মাংসপেশী, শিরা, শোণিত প্রভৃতি নরদেহে যেরূপ, অন্যান্য প্রাণীর দেহেও সেইপ্রকার। অধিক কি, মস্তিষ্কেরও অবস্থা সর্ব্বত্র সমান দেখা যায়। নিকৃষ্ট জীবসকল মানবের ন্যায় সংক্রামক রোগে আক্রান্ত হয় এবং উভয়েরই ক্ষত সংরোধ একই ঔষধে নিবারিত হয়। মনুষ্য স্তন্যপায়ী জাতির অন্তর্ভুক্ত। অপরাপর স্তন্যপায়ী জন্তুর সন্তানোৎ-পাদনাদি মনুষ্যের বংশবিস্তার কার্য্য অপেক্ষা পৃথক্ নহে। খাদ্যের গ্রহণ ও পরিপাক এবং তন্নিবন্ধন শোণিতাদির উৎপত্তি মনুষ্যেও যেরূপ, অন্যান্য জন্তুতেও তদ্রূপ। গর্ভাশয়ে শোণিত ও শুক্র প্রথমে যে অবস্থায় থাকে, তাহা মনুষ্যের ও নিকৃষ্ট জীবের একইরূপ; মানুষের প্রাথমিক ভ্রূণ ও নিকৃষ্ট জন্তুগণের প্রাথমিক ভ্রূণ একই প্রকার। কেবল দেহের আভ্যন্তরিক গঠন ও প্রক্রিয়া সম্বন্ধে কেন, অন্যান্য বিষয়েও আশ্চর্য্য সাদৃশ্য রহিয়াছে। মানবের ন্যায় নিকৃষ্ট প্রাণীরও পাঁচটী ইন্দ্রিয় আছে। সুখদুঃখ বোধ, ভয়, সন্দেহ, অপত্যস্নেহ প্রভৃতি অন্তরিন্দ্রিয়ের কার্য্যসকল সর্ব্বসাধারণ। এইসকল ও অপরাপর নানা কারণে স্থির হইয়াছে, ক্রম-প্রাদুর্ভাবেই মানবজাতির উৎপত্তি। পৃথিবীতে, উদ্ভিদ ও জীবে সর্ব্বশুদ্ধ অন্যূন এক কোটি শ্রেণীর জাতি আছে। সৃষ্টিকর্ত্তা এক কোটিবার ইহাদিগকে পৃথক্ পৃথক্ সৃষ্টি করিয়াছেন, না, জাতি-পরম্পরা নিকৃষ্টতর জাতি হইতে পর্য্যায় ক্রমে উদ্ভূত হইয়াছে?

মানব সৃষ্টি প্রকৃতির শেষ ও সর্ব্বোচ্চ সৃষ্টি। ভূপৃষ্ঠের স্তর সকল পরীক্ষা দ্বারায় যে এইকথা স্থিরীকৃত হইয়াছে, তাহা নহে; অনুমান বলেও আমরা এই বিষয় বিলক্ষণ হৃদয়ঙ্গম করিতে পারি। বৃক্ষ, লতা,

ওষধি, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, জল, স্থল, পর্ব্বত, হ্রদ, আকাশ প্রভৃতি সমুদয় স্থাবর ও জঙ্গম সৃষ্টির পরে এই পৃথিবীতে মনুষ্যের আবির্ভাব হয়। মনুষ্যের জীবন ধারণ জন্য পৃথিবীস্থ সমস্ত দ্রব্যেরই প্রয়োজন। এই সমস্ত অগ্রে সৃষ্ট না হইলে মনুষ্য একদিনের জন্যও পৃথিবীতে জীবন ধারণ করিতে পারিত না। পৃথিবীস্থ সমুদয় পদার্থের সহিতই মানবের সাত্মতা আছে। মানবের দেহরক্ষার জন্য উদ্ভিদ্ চাই, আকরস্থিত ধাতুপদার্থ চাই, সুদূর সমুদ্র গর্ভস্থিত মণিমুক্তাদির আবশ্যক—জলজ জন্তু ও স্থলজ জন্তু সকলই মনুষ্যের প্রয়োজন। সমুদয় সৃষ্টি মন্থন করিয়াই বিধাতা মানবসৃষ্টি করিয়াছেন। মানব সমুদয় প্রকৃতিরই সার প্রতিকৃতি। সুদূর আকাশস্থিত সূর্য্য চন্দ্র গ্রহ নক্ষত্র প্রভৃতি জ্যোতিষ্কমণ্ডলীও মানব সৃষ্টিতে সহায়তা করিয়াছে। সকলেরই সহিত মনুষ্যের সম্বন্ধ আছে। মানবদেহের জন্য উদ্ভিদ্ রাজ্যে যাহা আছে, ধাতুরাজ্যে যাহা আছে, জীবরাজ্যে যাহা আছে, এমন কি জলরাজ্যে যাহা আছে, সমুদয়ই আবশ্যক। পার্থিব এমন কিছু নাই, যাহা মনুষ্যের প্রয়োজনে লাগে না। আবার মানব মনও সমুদয় জীব রাজ্যের মনের সমষ্টি। সর্পের যে ক্রূরতা, শৃগালের যে ধূর্ত্ততা, কুকুরের যে প্রভুভক্তি, উষ্ট্রের যে কষ্টসহিষ্ণুতা, বানরের যে চাতুরি, সকলই মানববুদ্ধির আয়ত্ত। মানব-কণ্ঠ সমুদয় জীবেরই ধ্বনির অনুকরণ করিতে পারে—মানবের গতি শক্তিও সর্ব্বজীবের গতিশক্তির সমষ্টি। মানবই সৃষ্টির শেষ বিকাশ। মানব দেহে আসিয়াই বৃক্ষ, লতা, ধাতু প্রভৃতি জড়রাজ্য ও পশ্বাদি চেতনরাজ্য লয় পাইয়া মানবেরই সম্বর্দ্ধনা করে; সুতরাং মনুষ্য যে শেষসৃষ্টি একথা বুঝাইবার বিশেষ আবশ্যক করে না। সমুদয় সৃষ্টির প্রভু করিয়াই বিধাতা মনুষ্যকে এখানে পাঠাইয়াছেন। হিন্দুশাস্ত্রেও বলে যে, আশীলক্ষ যোনি গত হইলে পর মনুষ্যজন্ম লাভ হয়। হিন্দু-

শাস্ত্রের মৎস্যযুগ, বরাহযুগ প্রভৃতি কল্পনাও এই বৈজ্ঞানিক তত্ত্বের অনেক পোষকতা করে। হিন্দুর মতে সৃষ্টি যে কত কালের তাহার সংখ্যা করা যায় না। প্রথমে জলের সৃষ্টি হয়; সমুদয় জগৎ জলময় থাকে। পরে কল্পান্তকাল ধরিয়া সেই জল হইতে স্থাবর জঙ্গম প্রভৃতি সমুদয় পরিদৃশ্যমান জগতের সৃষ্টি হইয়াছে। পৃথিবীর এক এক স্তর পরীক্ষা করিলে জানা যায় যে, এই সৃষ্টি এক দিনে বা দুই দিনে সম্পাদিত হয় নাই। বহু যুগান্তর ধরিয়া এই সৃষ্টি ক্রমশঃই বিকাশ প্রাপ্ত হইতেছে।

আদিম জন্তুবর্গ হইতে আরম্ভ করিয়া বিবেচনা করিলে আমরাই ভূমণ্ডলের শেষ ও সর্ব্ব প্রধান অধিবাসী বলিয়া বোধ হয়। এ পর্য্যন্ত মনুষ্যাপেক্ষা উৎকৃষ্ট জীব ভূমণ্ডলে আগমন করে নাই, একথা সকলেই স্বীকার করিবেন। আদিম অবস্থাতে ম্যামথ অর্থাৎ কেশরযুক্ত হস্তী, বৃহৎ সর্প, ও অন্যান্য প্রকাণ্ড জীবসকল এই পৃথিবীতে বর্ত্তমান ছিল। ঐ সকল জন্তু এক্ষণে পৃথিবী হইতে এক কালে অন্তর্হিত হইয়াছে। মনুষ্যের আদিম অবস্থায় পৃথিবীতে এই সকল পশুরই রাজত্ব ছিল। মনুষ্য ইহাদের ভয়ে সদা সশঙ্কিত হইয়া গিরিগুহামধ্যে বাস করিত। মনুষ্যকে একেবারে নিঃসহায় করিয়া প্রকৃতি পৃথিবীতে প্রেরণ করিয়াছেন। মনুষ্য কেবল নিজ বুদ্ধিবলেই ক্রমে ক্রমে পৃথিবীর রাজত্ব লাভ করিয়াছে। বোধ হয় মনুষ্য সৃষ্ট হইয়া প্রথমে আহার অন্বেষণ করিতে সমুদয় সময় ব্যয় করিত। ক্ষুধাতুর হইলে যে পর্য্যন্ত ক্ষুধা শান্তি না হয়, ততক্ষণ কোন কার্য্য ভাল লাগে না; সুতরাং তৎকালে মনুষ্যের আহারের সংস্থান করাই প্রধান কার্য্য ছিল। মনুষ্য যতই কেন অনভিজ্ঞ হউক না, স্বাভাবিক বুদ্ধিবৃত্তির অঙ্কুর সর্ব্বকালেই ছিল। প্রকৃতি তাহার অন্তঃকরণে যে প্রখর বুদ্ধিবৃত্তির বীজ বপন করিয়া

দিয়াছেন, সেই বুদ্ধিবলেই সে সমুদয় অজ্ঞাত বিষয় উদ্ভাবন করিতে চিরদিনই সক্ষম। প্রথমতঃ মনুষ্য লোষ্ট্রাদি নিক্ষেপ দ্বারা পশু হনন করিত; কিন্তু যখন দেখিল তদ্দ্বারা প্রকৃষ্টরূপে পশ্বাদি হনন করা যায় না, তখন স্বকীয় বুদ্ধিপ্রভাবে ধনুঃশরের সৃষ্টি করিল। মনুষ্যের আদিম অবস্থার যদিও কোন লিখিত বৃত্তান্ত নাই, তথাপি পুরাকালিক মনুষ্যের যে সকল চিহ্ন প্রাপ্ত হওয়া গিয়াছে, তদ্দ্বারা তাহাদের আহার ব্যবহার সম্বন্ধে অনেক বিষয় অবগত হইতে পারা যায়। বর্ত্তমানকালে অনেক ভূতত্ত্ববিৎ পণ্ডিতেরা সেই তমসাবৃত কালের অনেক বিষয় আলোকে আনিয়াছেন। অতি পূর্ব্বকালে মানবজাতি বাটি নির্ম্মাণ-কৌশল অবগত ছিল না। আত্মরক্ষার উপায়ান্তর না থাকায়, তাহারা গিরিগুহায় বাস করিত। ক্রমে পর্ব্বতাবৃত স্থান সকল তাহারা অধিকার করিয়াছিল ও সুবিধামত বিল হ্রদে দ্বীপ নির্ম্মাণ করিয়া তথায় বাস করিত; ইউরোপ খণ্ডে গিরিগুহা প্রভৃতি পূর্ব্বকালিক মনুষ্যের বাস-স্থানে ও সমাধি মন্দিরে যে সকল অস্ত্র শস্ত্র ও তৈজসাদি পাওয়া গিয়াছে, তদ্দ্বারা পণ্ডিতেরা আদিম মনুষ্যের পুরাবৃত্ত দুই ভাগে বিভক্ত করিয়া থাকেন। প্রথম, প্রস্তরযুগ ও দ্বিতীয়, ধাতুযুগ। প্রথম কালের যে সকল অস্ত্র ও তৈজসাদি প্রাপ্ত হওয়া গিয়াছে, সে সমুদয় প্রস্তরনির্ম্মিত। কোন কোন অস্ত্র পশ্বাদির অস্থি বা শৃঙ্গে নির্ম্মিত। পরকালের মনুষ্যের বাসস্থানে শিকারোপযোগী অনেক অস্ত্র ও পিত্তলনির্ম্মিত তৈজসাদি দেখা যায় বটে, কিন্তু লৌহনির্ম্মিত অস্ত্র সর্ব্ব শেষে দেখিতে পাওয়া যায়। লৌহ আবিষ্কারের পর হইতেই মনুষ্য কৃষিকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে শিখিয়াছে। এইরূপে ক্রমে অভাব, জ্ঞান ও তৎপূরণার্থ বুদ্ধিবৃত্তি পরিচালনই সভ্যতা বৃদ্ধির নিদান।

মনুষ্য জাতির অবয়ব, বর্ণ ও ভাষাভেদ দেখিয়া বলিতে পারা যায়,

তিনটী বিভিন্ন স্থানে বিভিন্ন ক্রমবিকাশের ফলে আদিম মনুষ্য উৎপন্ন হইয়াছিল। সেই তিন শ্রেণীকে ককেশীয়, মঙ্গোলীয় ও নিগ্রো নামে পাশ্চাত্য পণ্ডিতগণ অভিহিত করিয়াছেন।

এই আদিম মনুষ্য মধ্যে ভাষার সৃষ্টি যে কিরূপে হইল, তাহা নির্ণয় করা অথবা তাহারা কিরূপ ভাষায় কথাবার্ত্তা কহিত, তাহা জানিতে পারা সুকঠিন। আদিম মনুষ্য সমাজবদ্ধ হইয়া বাস করুক বা নাই করুক, স্ত্রী-পুরুষে এক সঙ্গে থাকিতে হইলেও ভাষার প্রয়োজন। এ কারণ অনেকে অনুমান করেন, প্রথমতঃ ভাষা ইঙ্গিতাত্মক ছিল। কাল সহকারে মনোবৃত্তির পরিচালনে উহা বর্ত্তমান অবস্থায় পরিণত হইয়াছে। এই ভাষা কিরূপে উৎপন্ন হইল, তদ্বিষয়ে তিনটী মত দেখিতে পাওয়া যায়। কেহ কেহ বলেন, ভাষা অপৌরুষের অর্থাৎ ভাষা-সৃষ্টিতে মনুষ্যের কোন হস্ত নাই, উহা ঈশ্বর প্রদত্ত। তাঁহারা বলেন, যখন ভাষাব্যতীত মনের কোন চিন্তা অগ্রসর হয় না, তখন মনুষ্য-সৃষ্টির পূর্ব্বে ভাষার সৃষ্টি হইয়াছে। অপর কেহ কেহ বলেন যে, দশ জনে একত্র হইয়া যাহাকে যেনাম দিয়াছে,সেই নাম বরাবর চলিয়া আসিতেছে এবং এইরূপে ভাষা প্রস্তুত হইয়াছে। কিন্তু এই মত অবৈজ্ঞানিক; কেননা, প্রথমে যাহারা একত্র হইয়া দ্রব্যাদির নামকরণ করিয়াছিল, তাহারা ত' কথা কহিয়া তবে ঐরূপ নামকরণ করিবে; সুতরাং ইহাদের মতে ভাষা না থাকিলে ভাষার সৃষ্টি হইতে পারে না। এ কারণ ঐ সকল মতের প্রতি আস্থা না করিয়া এক্ষণে ভাষা উৎপত্তি সম্বন্ধে প্রকৃত মত বলা যাইতেছে। ভাষা অনুকৃতি মূলক। প্রাকৃতিক অনেক বস্তুর দ্বারা এক একটা শব্দ উৎপন্ন হইয়া থাকে এবং সেই সকল শব্দের অনুকরণে ভাষার সৃষ্টি হইয়াছে। নদী কল-কল রবে প্রবাহিত হইতেছে, মেঘ, গর-গর শব্দে গর্জ্জন করিতেছে

কাক, কা-কা রব করিতেছে, বিড়াল, মিউ-মিউ করিতেছে—ইত্যাদি নানা প্রকার শব্দের অনুকরণ করিয়া মনুষ্য ভাষা শিক্ষা করিয়াছে। ভাষা সকল আলোচনা দ্বারা জানিতে পারা যায়, যে পৃথিবীতে যত প্রকার ভাষা আছে, তাহা তিন প্রধান শ্রেণীতে বিভক্ত। এক জাতীয় ভাষায় ধাতুর সঙ্গে যোগমাত্র দ্বারা বাক্যের গঠন হয়; কোন ধাতুর কোন প্রকার রূপান্তর হয় না। এই সকল ভাষার বিভক্তি নাই। ইহাদিগকে "সংযোগ অসাপেক্ষ" ভাষা বলে। চীন, শ্যাম, আনাম বা ব্রহ্ম দেশীয় ভাষা এইরূপ। ইহা মঙ্গোলীয়দিগের ভাষা; তুরাণীয় শ্রেণী নামে অভিহিত। দ্বিতীয় শ্রেণীর ভাষাতেও বিভক্তি নাই, কিন্তু উহা উপসর্গ ও প্রত্যয়াদি ধাতু দ্বারা রূপান্তরিত হয়। এই ভাষায় ধাতুতে ধাতুতে বা ধাতু ও সর্ব্বনামে এক প্রকার যোগ হয়। এই সকল ভাষাকে "সংযোগ সাপেক্ষ" ভাষা বলে। তামিল ভাষা, তাতার ভাষা এবং আমেরিকার আদিম জাতীয় ভাষা এইরূপ; ইহার নাম নিগ্রিটো বা দ্রাবিড় শ্রেণীয়। তৃতীয় শ্রেণীর ভাষাতেই প্রকৃষ্ট রূপে বিভক্তি আছে, সংযোগকালে ধাতুর ও সর্ব্বনামের রূপান্তর ঘটে। ইহাদিগকে বিভক্তিসম্পন্ন ভাষা বলে। পৃথিবীর যত শ্রেষ্ঠ ভাষা, সকলই এই শ্রেণীর অন্তর্গত। ইহার নাম ককেসিও বা আর্য্য-ভাষা। ভূমণ্ডলের তাবৎ মনুষ্য কায়িক ও বাচিক ভেদে পূর্ব্বোক্ত তিন স্বাভাবিক জাতিতে বিভক্ত। আরবী, য়িহুদী, গ্রীক্, লাটিন, ইংরাজি, ফরাসী, সংস্কৃত, বাঙ্গালা, হিন্দী প্রভৃতি ভাষা সকল এই তৃতীয় শ্রেণীভুক্ত। ধাতু, বিভক্তি, চিহ্ন ও সর্ব্বনাম লইয়া এই সকল ভাষা গঠিত হইয়াছে এবং এই সকল ভাষা দেশ ভেদে ও জাতি ভেদে বাহ্যতঃ পার্থক্য প্রতীত হইলেও অথবা ইহারা সহস্র সহস্র প্রকারে বিভক্ত হইলেও ইহাদের মূল যে এক, তাহা এক্ষণে ভাষা-বিজ্ঞান দ্বারা স্থিরীকৃত

হইয়াছে। এই তৃতীয় শ্রেণীর ভাষাগুলির মধ্যে অনেকগুলি প্রাচীন ও আধুনিক ভাষাতেই, ভাষার মূলগত ধাতু, বিভক্তি-চিহ্ন ও সর্ব্বনাম এক; সুতরাং এই সকল ভাষা যে একটি প্রাচীন মূল ভাষা হইতে উদ্ভূত হইয়াছে, তাহাতে আর সংশয় নাই।

ভারতবর্ষের সংস্কৃত এবং পালি প্রভৃতি প্রাচীন ভাষা, বাঙ্গালা, হিন্দী প্রভৃতি সংস্কৃত মূলক আধুনিক ভাষা, আধুনিক ও প্রাচীন পারসীকদিগের ভাষা, গ্রীক্ ও লাটিন ভাষা, এবং এই দুই ভাষা হইতে ফরাশীয়, ইতালীয়, স্পেনীয় প্রভৃতি যে সকল ভাষা উৎপন্ন হইয়াছে, জার্ম্মানী, ওলন্দাজী, ইংরাজি, দিনেমারি, স্বইডেনি, নরওয়ে এবং রুস্ প্রভৃতি ভাষা সকলই সেই এক প্রাচীন আর্য্য ভাষা হইতে উৎপন্ন। যে জাতি ঐ প্রাচীন ভাষা ব্যবহার করিতেন, ভাষা-বিজ্ঞান দ্বারা স্থিরীকৃত হইয়াছে, যে তাঁহারাই আর্য্য জাতি; এবং আর্য্যজাতীয় ভাষা সমুৎপন্ন অপরাপর ভাষাগুলি আর্য্যভাষা বলিয়া কথিত হয়। যে সকল জাতির ভাষা আর্য্যভাষা তাহারা আর্য্যবংশীয় বলিয়া অনুমিত ও বর্ণিত হইয়া থাকে। যাহারা আর্য্যবংশ সম্ভূত নহে, তাহারা অনার্য্য জাতি।

এক্ষণে কথা এই যে প্রাচীন আর্য্যজাতি যাঁহারা পৃথিবীর সকল শ্রেষ্ঠ জাতি এবং আমাদিগের পূর্ব্বপুরুষ, তাঁহারা কোথায় বাস করিতেন। পাশ্চাত্য পণ্ডিতদিগের মধ্যে যাঁহারা আর্য্যভাষা সকলের বিশেষ সমালোচনা করিয়াছেন, তাঁহাদিগের মত এই, যে আর্য্যেরা ভারতবর্ষের আদিম নিবাসী নহেন; অন্যত্র হইতে ভারতবর্ষে আসিয়াছেন। তাঁহারা যখন আসেন, তখন ভারতবর্ষে অনার্য্য জাতির বাস ছিল। আর্য্যেরা অনার্য্যদিগকে জয় করিয়া বশীভূত অথবা বন্য ও পার্ব্বত্য প্রদেশে দূরীকৃত করিয়াছিলেন। পাশ্চাত্য পণ্ডিতেরা

বিবেচনা করেন, যে হিন্দুকুশ পর্ব্বত মালার উত্তরে আসিয়ার মধ্যভাগে প্রাচীন আর্য্যভূমি ছিল, সেই স্থান হইতে তাঁহারা দলে দলে বাহির হইয়া দেশ বিদেশে ছড়াইয়া পড়িয়াছেন। কোন দল প্রাচীন গ্রীস্ দেশে উপনিবেশ স্থাপন করিয়া কাল ক্রমে শিল্প ও সাহিত্যাদি সম্বন্ধে অতুলনীয় হইয়া জগৎবিখ্যাত হইয়াছিলেন। আর একদল রোম রাজ্য সংস্থাপন করতঃ এককালে পৃথিবীর অধীশ্বর হইয়াছিলেন। অপর এক দল ইংলণ্ড ও জর্ম্মনীতে প্রবেশ করিয়া সভ্য জগতের উপর আধিপত্য স্থাপন করিয়াছেন এবং এক দল ভারতবর্ষে প্রবেশ করিয়া জ্ঞানের অনন্ত মহিমা সংস্থাপন করিয়াছেন।

যে সকল আর্য্য ভারতবর্ষাভিমুখে প্রয়াণ করেন, সর্ব্বাগ্রে তাঁহারা সপ্তসিন্ধু-শোভিত পঞ্জাব প্রদেশে আসিয়া বসবাস করেন। অতঃপর তাঁহারা ব্রহ্মাবর্ত্তে, পরে ব্রহ্মর্ষি দেশে ও মধ্যদেশে এবং সর্ব্বশেষে সমগ্র আর্য্যাবর্ত্তব্যাপী হইয়াছিলেন।

অতি প্রাচীনকালে ভারতবর্ষীয় আর্য্যগণের সামাজিক অবস্থান, গার্হস্থ্য-প্রণালী, কৃষি, বাণিজ্য প্রভৃতি এক্ষণকার হইতে সম্পূর্ণ পৃথক্ ছিল। আর্য্যগণ যখন পঞ্জাব প্রদেশের সরস্বতী ও দৃষদ্বতী নদী তীরে প্রথমে আবাস ভূমি মনোনীত করিয়া বসবাস করিতে থাকেন, তখন ঐ দেশের আদিম নিবাসী অনার্য্যগণের সহিত তাঁহাদের ঘোরতর যুদ্ধ হয়। অনার্য্যগণ সেই যুদ্ধে পরাস্ত হইয়া নিকটবর্ত্তী পর্ব্বত গুহায় বা অরণ্যে গমন করিয়া বসবাস করে এবং আর্য্যগণের উপর দৌরাত্ম্য করিয়া তাঁহাদের দ্রব্যাদি অপহরণ করিয়া জীবন যাপন করিতে থাকে। ঋগ্বেদের নানা স্থানে এই কৃষ্ণবর্ণ দস্যুগণের হস্ত হইতে পরিত্রাণ পাইবার জন্য ও তাহাদিগকে একেবারে ধ্বংস করিবার মানসে প্রাচীন আর্য্যগণ দেবতার নিকট বারম্বার প্রার্থনা করিয়াছেন। আর্য্যগণকে

ইদানীন্তন যেরূপ বিবাহ প্রথা প্রচলিত আছে, যেরূপ অতিথিসেবা, গোসেবা, দায় ভাগ, অঙ্ক, জ্যোতিষ, কৃষি, শিল্প, বাণিজ্য, ঈশ্বরোপাসনা, সম্বন্ধনির্ণয়, দশবিধ সংস্কার, রাজনীতি, জ্ঞান, বিজ্ঞান ও অনুষ্ঠানাদি প্রচলিত আছে, তৎসমস্তই সেই প্রাচীন আর্য্যগণের অনুকরণে। আমাদের পূর্ব্বপুরুষগণ বিবাহ স্থলে দম্পতী যুগল মধ্যে পরস্পর প্রতিজ্ঞা বদ্ধ রাখিবার জন্য সেই গণনাতীত কালের যে সকল বেদ মন্ত্র উচ্চারণ করিতেন আমাদের বিবাহ পদ্ধতিতে সেই সকল মন্ত্র ও অনুষ্ঠান আজও প্রচলিত রহিয়াছে। তাঁহারা যেরূপে ঈশ্বরোপাসনা করিতেন, আজও আমরা তাহারই অনুকরণ করিয়া থাকি। স্নান, দন্তধাবন, অন্ন গ্রহণ, শয়ন, উপনয়ন, গর্ভাধান, অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সমুদয় সৎকর্ম্মে আমরা আজও মন্ত্রগত এবং অনুষ্ঠানগত তাঁহাদেরই অনুকরণ করিয়া থাকি। ঋগ্বেদ পাঠে জানা যায়, প্রাচীন আর্য্যসমাজে বিধবা বিবাহ প্রচলিত ছিল, স্ত্রী-শিক্ষা ও স্ত্রী-স্বাধীনতা প্রবল ছিল, কিন্তু বর্ণভেদ প্রথা প্রচলিত ছিল না। দেশ বিদেশে সমুদ্র পারে বাণিজ্য প্রথা প্রচলিত ছিল, কিন্তু খাদ্যাখাদ্যের এত বিচার ছিল না। বর্ত্তমান দেব দেবী পূজাও প্রচলিত ছিল না; তখন সকলেই সরলচেতা ছিল যুদ্ধাদিতে সকলেরই সহানুভূতি হইত—তখন কেবল ক্ষত্রিয়গণের স্কন্ধে যুদ্ধ ভার অর্পিত হয় নাই। তৎকালে যাঁহাদিগকে ঋষি বলা যাইত তাঁহারাও যুদ্ধাদি কার্য্যে ব্যাপৃত থাকিতেন। আজ কাল আমরা ঋষি শব্দ যে অর্থে ব্যবহার করিয়া থাকি, প্রাচীন বৈদিক কালে ঋষি শব্দ সে অর্থে ব্যবহৃত হইত না। আমরা ঋষি শব্দে ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান, ত্রিকালজ্ঞ ধ্যানধারণাপরায়ণ যোগরত অরণ্যবাসী সন্ন্যাসী আলৌকিক পুরুষ মনে করি। কিন্তু বেদে যাঁহাদিগকে ঋষি বলিয়া উল্লেখ করিয়াছেন, তাঁহারা সাংসারিক লোক ছিলেন। তাঁহারা পশ্বাদি পালন, ক্ষেত্রেকর্ষণ এবং যুদ্ধ উপস্থিত হইলে

অনার্য্যগণের সহিত যুদ্ধ কার্য্যে ব্যাপৃত থাকিতেন এবং ঈশ্বরের নিকট ধন, ধান্য, পশু ও জয়-লাভ প্রভৃতির জন্য প্রার্থনা করিতেন। তৎকালে এক এক পরিবারের কর্তৃপক্ষই ঋষি নামে অভিহিত হইতেন।

আজ কাল ভারতবাসী আর্য্যগণ নানা বর্ণে বিভক্ত হইয়াছেন; কিন্তু আমাদের পূর্ব্বপুরুষগণ যখন সিন্ধুতীরে আসিয়া বসবাস করিয়াছিলেন, তখন তাঁহাদের মধ্যে বর্ণ ভেদ প্রথা প্রচলিত ছিল না। ঋক্ বেদের ন্যায় প্রাচীনতম গ্রন্থ আর পৃথিবীতে নাই। উহাই আর্য্যগণের আদি পুস্তক। উহাতে দশ সহস্র ঋক আছে। সেই সকল ঋক্ পাঠ করিলে আমাদের পূর্ব্বপুরুষগণের আচার,ব্যবহার,রীতি,নীতি,কৃষি, শিল্প, বাণিজ্য, যুদ্ধ বিবাহ, যাগ-যজ্ঞ প্রভৃতি সমুদয় বিষয়ে জ্ঞান লাভ করা যায়। আমাদের পূর্ব্বপুরুষগণের আচরিত সমুদয় ব্যাপারই ঐ সকল ঋকে লিখিত আছে। কিন্তু উহার কুত্রাপিও ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যাদি ভেদে বর্ণভেদ প্রথার উল্লেখ নাই; যদি তৎকালে বর্ণ ভেদ প্রথা প্রচলিত থাকিত, তাহা হইলে আর্য্য সমাজের এমন একটি গুরুতর প্রথা কি সমুদয় বেদে উল্লিখিত হইত না? ঋগ্বেদের পরবর্ত্তী অপরাপর যে কোন গ্রন্থই পাঠ কর, গ্রন্থ বৃহৎই হউক, আর ক্ষুদ্রই হউক, কিছু না কিছু পরিমাণে তাহাতে বর্ণ ভেদের উল্লেখ থাকিবেই থাকিবে; কিন্তু ঋগ্বেদের ন্যায় অতি সুবৃহৎ, বিশেষতঃ আদিম, পুস্তকে যে বর্ণভেদ প্রথার উল্লেখ নাই—তৎকালে যে বর্ণভেদ প্রথা প্রচলিত ছিল না ইহাই তাহার প্রকৃষ্ট প্রমাণ। বৃত্তিগত জাতিভেদ বর্ণ ভেদের নিদান। ঋগ্বেদে বর্ণ শব্দের উল্লেখ আছে বটে, কিন্তু সে বর্ণ শব্দে ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি চাতুর্ব্বর্ণ্য বুঝায় না—সেখানে বর্ণ শব্দে রঙ বুঝায়—তাহাতে কৃষ্ণবর্ণ অনার্য্য ও গৌরবর্ণ আর্য্যকে বুঝায়। আর্য্যদিগের উজ্জ্বলবর্ণ রক্ষা করিবার জন্য ইন্দ্রের নিকট প্রার্থনা করিতে দেখা যায়। ঋগ্বেদে ক্ষত্রিয় শব্দের উল্লেখ

আছে বটে, কিন্তু তাহাতে দ্বিতীয় বর্ণ ক্ষত্রিয় বুঝায় না—ক্ষত্রিয় শব্দে বলবান বুঝায় ও উহা দেবতার্থে প্রযুক্ত হইয়াছে। ঋগ্বেদে বিপ্র শব্দের যাহা উল্লেখ আছে, তাহা ব্রাহ্মণ বর্ণকে বুঝায় না—তাহা জ্ঞানীকে বুঝায় এবং উহা দেবতার্থে প্রযুক্ত হইয়া থাকে। এমন কি ঋগ্বেদে যে ব্রাহ্মণ শব্দের উল্লেখ আছে উহা বর্ণশ্রেষ্ঠ ব্রাহ্মণকে বুঝায় না। পরন্তু যাঁহারা মন্ত্র রচনা করিতেন, তাঁহাদিগকে ব্রাহ্মণ বলিত। ঋগ্বেদের সময়ে পৌরোহিত্য ক্রিয়ার জন্য একটি স্বতন্ত্র শ্রেণীর প্রয়োজন ছিল না; অথবা দেবদেবীর উপাসনার জন্য মন্দির বা স্বতন্ত্র গৃহের ব্যবস্থা ছিল না। গৃহপতিগণ স্ত্রী পুরুষ সকলেই স্ব স্ব গৃহে উপাসনা করিতেন। তখন সকলেই বেদ উচ্চারণ করিতে পারিত। স্ত্রীলোকেরা পর্য্যন্ত বেদ মন্ত্র দ্বারা স্ব স্ব ক্রিয়া কলাপ নির্ব্বাহ করিতেন। ঋগ্বেদের সময় আর্য্যগণের সহিত অনার্য্যগণের অনবরত যুদ্ধ বিগ্রহ হইত; কিন্তু তৎকালে যদি পরবর্ত্তী কালের ন্যায় চাতুর্ব্বর্ণ্য প্রচলিত থাকিত, তাহা হইলে ক্ষত্রিয়গণ নিশ্চয়ই ঐ যুদ্ধ কার্য্য নির্ব্বাহ করিতেন, ইহা লেখা থাকিত; কিন্তু ঋগ্বেদের কুত্রাপিও এরূপ বিবরণ নাই। তখন সমুদয় সমাজই একতাবদ্ধ ছিল। বৃত্তিভেদে বর্ণভেদ ছিল না। ঋগ্বেদে দেখিতে পাওয়া যায়, শান্তিকালে যে সকল আর্য্য কৃষি ও গোপালন কার্য্যে নিযুক্ত থাকিতেন, তাঁহারাই আবার অনার্য্যগণের উপদ্রব হইতে গ্রাম বা নগর রক্ষা করিবার জন্য যুদ্ধকার্য্যে ব্যাপৃত থাকিতেন।

সমগ্র ঋগ্বেদের মধ্যে আমরা দশম মণ্ডলের একটি ঋকে কেবল ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চাতুর্ব্বর্ণ্যের উৎপত্তির বিবরণ দেখিতে পাই; কিন্তু ইদানীন্তন কালের বেদজ্ঞ পণ্ডিতগণ স্থির করিয়াছেন, যে ঋগ্বেদের দশম মণ্ডলটি আধুনিক। দয়ানন্দ স্বরস্বতী কহেন, সেই ঋক্ একটি রূপক মাত্র। ঋগ্বেদের সময় অর্থাৎ আর্য্যজাতির অতি

প্রাচীনকালের ইতিবৃত্তে, চাতুর্ব্বর্ণ্যের যে ব্যবস্থা ছিল না, তাহা মহাভারতাদি গ্রন্থ সকল পর্য্যালোচনা করিলেও জানা যায়। মহাভারতের এক স্থানে আছে, যে আদিমকালে সমস্ত জগৎ ব্রাহ্মণময় ছিল। কালক্রমে তাহাদের মধ্যে আচার ও বৃত্তির প্রভেদ অনুসারে ভিন্ন ভিন্ন বর্ণের সৃষ্টি হইয়াছে। পূর্ব্বে যে সমুদয় লোক এক বর্ণ ও ব্রাহ্মণ ছিল, মনুর অগ্রজন্মা বাক্যেই তাহার পরিচয় পাওয়া যায়। মনু অনেক স্থলেই ব্রাহ্মণগণকে অগ্রজন্মা শব্দে উল্লেখ করিয়াছেন। রামায়ণের উত্তর কাণ্ডে আছে, যে সত্যযুগে কেবলমাত্র ব্রাহ্মণ ছিল; ত্রেতাযুগে ক্ষত্রিয়গণ জন্ম গ্রহণ করেন এবং তদনন্তর চাতুর্ব্বর্ণ্যের সৃষ্টি হইয়াছে। চাতুর্ব্বর্ণ্য যে একদিনে সৃষ্টি হয় নাই, কালে কালে গুণ ও কর্ম্মানুসারে যে ইহা প্রচলিত হইয়াছে, শাস্ত্র সকল পর্য্যালোচনা করিলে ইহার ভূরি ভূরি উদাহরণ পাওয়া যায়। ঋগ্বেদের সময়ে বর্ণভেদ ছিল না—ঋগ্বেদের পরবর্ত্তী গ্রন্থসকল আলোচনা করিলে যদিও বর্ণ ভেদের আভাস পাওয়া যায়, কিন্তু তথাপি তাহাতে বর্ত্তমান কালের ন্যায় বর্ণভেদের কঠোরতা দেখা যায় না। এক্ষণে যেমন যে শূদ্র আছে সে আজন্ম শূদ্র থাকিবে, যিনি ব্রাহ্মণ আছেন, তিনি গুণহীন হইলেও আজন্ম ব্রাহ্মণ থাকিবেন—এক্ষণকারকালে যেমন ব্রাহ্মণ ব্রাহ্মণীকে বিবাহ করিবেন, ক্ষত্রিয় ক্ষত্রিয়াকে বিবাহ করিবেন, ব্রাহ্মণ ব্রাহ্মণ ভিন্ন অপরের অন্ন ভোজন করিবেন না প্রভৃতি প্রতি কর্ম্মে লোকে বর্ণ বিচার করে, প্রাচীনকালে সেরূপ ছিল না। এক্ষণকারকালে বর্ণভেদ বংশগত, বৃত্তিগত বা গুণগত নহে। প্রাচীন শাস্ত্র সকল আলোচনা করিলে দেখা যায়, যে এক পিতার চারি পুত্রের মধ্যে কেহবা ব্রাহ্মণ, কেহবা ক্ষত্রিয় কেহবা বৈশ্য ও কেহবা শূদ্র ছিলেন। সকলেই জানেন, বিখ্যাত বিশ্বামিত্র ঋষি ক্ষত্রিয় ছিলেন, পরে জ্ঞানের বাহুল্য দ্বারা ব্রাহ্মণ

হইয়াছিলেন। বিষ্ণুপুরাণে আছে, (ক) ক্ষত্রিয় যে অপ্রতিরথ, তাঁহার পুত্র কণ্ব, কণ্বের পুত্র মেধাতিথি, এই মেধাতিথি হইতে কাণ্বয়ণ ব্রাহ্মণ সকল উৎপন্ন হইয়াছেন। মহাভারতীয় হরিবংশে আছে, (খ) ক্ষত্রিয় দিবোদাসের পুত্র মিত্রয়ু রাজা ব্রহ্মর্ষি হইয়াছিলেন; তাঁহার পুত্র মৈত্রায়ণ এবং সোম। তদ্বংশে মৈত্রেয় ব্রাহ্মণ সকল উৎপন্ন হয়েন। বিশেষতঃ, এক এক বংশে যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারিবর্ণের উৎপত্তি হইয়াছে, ইহার ভূরি ভূরি প্রমাণ মহাভারত, বিষ্ণুপুরাণ ও বায়ুপুরাণ প্রভৃতিতে পাওয়া যায়। বিষ্ণুপুরাণে (গ) মনু বৈবস্বতের পুত্র করুষ হইতে মহাবল ক্ষত্রিয় সকল উৎপন্ন হইলেন। মনু বৈবস্বতের পুত্র নেদিষ্ঠ; কিন্তু নেদিষ্ঠের পুত্র নাভাগ, বৈশ্য হইলেন। মনু বৈবস্বতের পুত্র পৃষধ্র গুরুর এক গাভীকে হনন করিয়া শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন।

মহাভারতীয় হরিবংশে আছে, (ঘ) নাভাগারিষ্ঠের যে দুই পুত্র বৈশ্য হইয়াছিলেন, তাঁহারা আবার ব্রাহ্মণ হইলেন। বিষ্ণুপুরাণে

---

(ক) অপ্রতিরথাৎ কণ্বস্তস্যাপি মেধাতিথি র্যতঃ কাণ্বয়না দ্বিজা বভূবুঃ॥

বিষ্ণুপুরাণ। ৪ অংশ ১৯ অধ্যায়।

(খ) দিবোদাসস্য দায়াদো ব্রহ্মর্ষি মিত্রয়ুনৃপঃ।
মৈত্রায়ণ স্ততঃ সোমো মৈত্রেয়াস্তু ততঃ স্মৃতাঃ॥

মহাভারতীয় হরিবংশ। ৩২ অধ্যায়॥

(গ) করূষাৎ কারূষামহাবলাঃ ক্ষত্রিয়া বভূবুঃ।
নাভাগোনেদিষ্ঠ পুত্রস্তু বৈশ্যতামগমৎ।
পৃষধ্রস্তু গুরুগোবধাৎ শূদ্রত্বমগমৎ॥

বিষ্ণুপুরাণ। ৪ অংশ। ১ম অধ্যায়।

(ঘ) নাভাগারিষ্ট পুত্রৌ দ্বৌ বৈশ্যৌ ব্রাহ্মণতাং গতৌ॥

মহাভারতীয় হরিবংশ। ১১শ অধ্যায়।

আছে, (ক) সুনহোত্রের তিন পুত্র, কাশ, লেশ এবং গৃৎসমদ; গৃৎসমদের পুত্র শৌনক, এই শৌনকের বংশে চারি বর্ণ উৎপন্ন হয়। বায়ু পুরাণেও আছে, (খ) গৃৎসমদের পুত্র শুনক, তাঁহার পুত্র শৌনক; তাঁহার বংশে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারি বর্ণই উৎপন্ন হয়। যাঁহারা বিশিষ্ট কর্ম্ম করিয়াছিলেন, তাঁহারাই দ্বিজ হইয়াছিলেন। বিষ্ণুপুরাণে আছে, (গ) ধৃষ্টকেতুর পুত্র বৈণুহোত্র, তাঁহার পুত্র ভার্গ, ও ভার্গের পুত্র ভার্গভূমি। এই ভার্গভূমি হইতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র চারি বর্ণেরই উদ্ভব হয়। মহাভারতীয় হরিবংশে দেখিতে পাওয়া যায়;—(ঘ) বৎস হইতে বৎসভূমি এবং ভার্গব হইতে ভার্গভূমি জন্মে। ভার্গবংশোদ্ভব অঙ্গিরসের পুত্রসকল ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিভাগে বিভক্ত হয়েন। শাস্ত্রে যেমন ব্রহ্মা হইতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারি বিভিন্ন বর্ণের চারিটি পুত্র জন্মিবার

---

(ক) কাশ লেশ গৃৎসমদাস্ত্রয়োঽস্যা ভবন্।
গৃৎসমদস্য শৌনক শ্চাতুর্ব্বর্ণ্য প্রবর্ত্তয়িতা ॥
বিষ্ণুপুরাণ। ৪ অংশ। ৮ম অধ্যায়।

(খ) পুত্রো গৃৎসমদস্য শুনকো যস্য শৌনকঃ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াশ্চৈব বৈশ্যাঃ শূদ্রাস্তথৈবচ ॥
এতস্যবংশে সমুদ্ভূতা বিচিত্রৈঃ কর্ম্মভির্দ্বিজাঃ ॥
বায়ুপুরাণ।

(গ) ধৃষ্টকেতুস্তুতশ্চ বৈণুহোত্র স্তুতশ্চভার্গঃ।
ভার্গস্য ভার্গভূমি রতশ্চাতুর্ব্বর্ণ্য প্রবৃত্তিঃ ॥
বিষ্ণুপুরাণ। ৪ অংশ। ৮ম অধ্যায়।

(ঘ) বৎসস্য বৎসভূমিস্তু ভার্গভূমিস্তু ভার্গবাৎ।
এতেত্বঙ্গিরসঃ পুত্রাঃ জাতাবংশেঽথ ভার্গবে ॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ ভরতর্ষভ ॥
মহাভারতীয় হরিবংশ। ৩২ অধ্যায়।

কথা লেখা আছে, তদ্রূপ অপরাপর ব্রাহ্মণ বংশ হইতেও যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র ভিন্ন গুণকর্ম্মানুসারে উৎপন্ন হইয়াছে, ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। বায়ুপুরাণে আছে,—কৃতযুগে বর্ণভেদ ছিল না; পরে লোকের কর্ম্মানুসারে ব্রহ্মা বর্ণভেদ ব্যবস্থা করিলেন। মনুষ্যের মধ্যে যাহাদিগকে তিনি প্রভূশক্তি এবং বীরত্বসম্পন্ন দেখিলেন তাহাদিগকে তিনি ক্ষত্রিয় করিলেন। যাহাদিগকে সত্যবাদী, ঈশ্বর পরায়ণ এবং জ্ঞান প্রচারে উৎসুক দেখিলেন, তাহাদিগকে তিনি ব্রাহ্মণ করিলেন। যাহাদিগকে তিনি সাংসারিক, কার্য্যপটু, পরিশ্রমী এবং কৃষিজীবী দেখিলেন, তাহাদিগকে তিনি বৈশ্য করিলেন এবং যাহাদিগকে তিনি নীচ কর্ম্মে প্রবৃত্ত, মল পরিষ্কারক প্রভৃতি দেখিলেন, তাহাদিগকে তিনি শূদ্র করিলেন। রামায়ণের উত্তরকাণ্ডে আছে যে, সত্যযুগে কেবল ব্রাহ্মণই ছিলেন, পরে ত্রেতাযুগে ক্ষত্রিয় উৎপন্ন হয়। মহাভারতের শান্তিপর্ব্বে আছে, রক্তবর্ণ গৌরাঙ্গ দ্বিজগণ যাঁহারা ইন্দ্রিয়-সুখে আসক্ত, উগ্র ও ক্রোধন স্বভাব সম্পন্ন এবং যাগ-যজ্ঞে বিস্মৃত, তাঁহারা ক্ষত্রিয় হইলেন। পীতবর্ণ দ্বিজ সকল যাঁহারা গো ও কৃষি দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে লাগিলেন এবং ধর্ম্ম ও ক্রিয়াকলাপ বর্জ্জিত হইলেন, তাঁহারা বৈশ্যত্ব প্রাপ্ত হইলেন। কৃষ্ণবর্ণ দ্বিজ সকল যাঁহারা মিথ্যাপ্রিয়, অত্যাচার রত, সংসারাসক্ত ও নীচ কার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহক্ষম, তাঁহারা শূদ্রত্ব প্রাপ্ত হইলেন।

ন বিশেষোঽস্তি বর্ণানাং সর্ব্বং ব্রাহ্মমিদং জগৎ।
ব্রহ্মণা পূর্ব্ব সৃষ্টং হি কর্ম্মণা বর্ণতাং গতঃ॥
কামভোগপ্রিয়াস্তীক্ষ্ণাঃ ক্রোধনাঃ প্রিয় সাহসাঃ।
ত্যক্তধর্ম্মা রক্তাঙ্গাস্তে দ্বিজাঃ ক্ষত্রতাং গতাঃ॥

গোভ্যোবৃত্তিং সমাস্থায় পীতাঃ কৃষ্যুপজীবিনঃ।
স্বধর্ম্মান্নানুতিষ্ঠন্তি তে দ্বিজাঃ বৈশ্যতাং গতাঃ॥
হিংসানৃত ক্রিয়া লুব্ধাঃ সর্ব্বকর্ম্মোপজীবিনঃ।
কৃষ্ণাঃ শৌচপরিভ্রষ্টাঃ স্তে দ্বিজাঃ শূদ্রতাং গতাঃ॥

[ মহাভারতীয় মোক্ষ ধর্ম্ম ]

পূর্ব্বে প্রয়োজন ও ক্ষমতানুসারে এক বর্ণেব অন্য বর্ণের বৃত্তি অবলম্বন করিতে বিশেষ নিষেধও ছিল না। মনুতে আছে ;---

অজাবংস্তু যথোক্তেন ব্রাহ্মণঃ স্বেন কর্ম্মণা।
জীবেৎ ক্ষত্রিয় ধর্ম্মেণ সহ্যস্য প্রত্যনন্তরঃ॥

স্বকীয় বৃত্তি দ্বারা ব্রাহ্মণ যদি জীবিকা অর্জ্জনে অসমর্থ হয়েন, তাহা হইলে গ্রাম ও নগর রক্ষণাদি ক্ষত্রিয়ের কর্ম্মের দ্বারা জীবিকার্জ্জন করিবেন, যেহেতু ইহা তাঁহার নিকটবর্ত্তী বৃত্তি।

উভাভ্যামপ্যজীবংস্তু কথংস্যাদিতি চেদ্‌ভবেৎ।
কৃষি গোরক্ষমাস্থায় জীবেৎ বৈশ্যস্য.জীবিকাং॥

স্বীয় বৃত্তি এবং ক্ষত্রিয় বৃত্তি উভয় বৃত্তির দ্বারা জীবিকার্জ্জন না হইলে কৃষি, গোরক্ষা প্রভৃতি বৈশ্যের কার্য্য করিবেন।

বৈশ্যোজীবন্ স্বধর্ম্মেণ শূদ্র বৃত্ত্যাপি বর্ত্তয়েৎ॥

বৈশ্য, স্বীয় বৃত্তি দ্বারা জীবিকার্জ্জনে অশক্ত হইলে শূদ্র-বৃত্তি গ্রহণ করিবেন এবং উপায়হীন স্ত্রীপুত্রাদি পরিবার-পালনে অক্ষম শূদ্রেরও দ্বিজশুশ্রূষাতে জীবিকা নির্ব্বাহ না হইলে, শিল্প দ্বারা জীবিকা নিষ্পন্ন করিবেন। মনু বলেন :—

যথাযথা হি সদ্‌বৃত্তমাতিষ্ঠত্যনুসূয়কঃ।
তথা তথেমঞ্চামুঞ্চ লোকং প্রাপ্নোত্যনিন্দিতঃ॥

অনুসূয়ক শূদ্র, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন বর্ণের আচার অনুষ্ঠান করিলে ইহলোকে যশ ও পরলোকে স্বর্গ লাভ করেন।

আজকাল যেমন গুণ থাকুক বা নাই থাকুক, কর্ম্মবান্ হউক বা নাই হউক, ব্রাহ্মণ-বংশে জন্মগ্রহণ করিলেই ব্রাহ্মণ হইবে, অথবা ক্ষত্রিয়াদির বংশে জন্ম গ্রহণ করিলেই ক্ষত্রিয় হইবে, পুরাকালে বর্ণভেদের এতদূর কঠোরতা ছিল না। তৎকালে কর্ম্মানুসারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়াদি চাতুর্ব্বর্ণ্যের উন্নতি ও অধোগতি ছিল। ব্রাহ্মণ কর্ম্মদোষে শূদ্র হইত এবং শূদ্রও কর্ম্মগুণে ব্রাহ্মণশ্রেণীতে উন্নীত হইত। মনুতে আছে :—

শূদ্রো ব্রাহ্মণতামেতি ব্রাহ্মণশ্চৈতি শূদ্রতাং।
ক্ষত্রিয়াজ্জাত মে বস্তু বিদ্যাদ্বৈশ্যাত্তথৈবচ॥

কর্ম্মানুসারে শূদ্র ব্রাহ্মণপদ প্রাপ্ত হয়েন এবং ব্রাহ্মণও কর্ম্মানুসারে শূদ্র হইয়া থাকেন। ক্ষত্রিয় এবং বৈশ্যেরও এইরূপ ব্যবস্থা জানিবে।

মহাভারতীয় অনুশাসন পর্ব্বে আছে :—

এভিস্তু কর্ম্মভির্দ্দেবি শুভৈরাচরিতৈ স্তথা।
শূদ্রো ব্রাহ্মণতাং যাতি বৈশ্যঃ ক্ষত্রিয়তাং ব্রজেৎ॥
এতৈঃ কর্ম্মফলৈর্দ্দেবি ন্যূনজাতি কুলোদ্‌ভবঃ।
শূদ্রোপ্যাগম সম্পন্নো দ্বিজোভবতি সংস্কৃতঃ॥
ব্রাহ্মণোঽপ্যসদ্‌বৃত্তঃ সর্ব্ব সঙ্করভোজনঃ।
ব্রাহ্মণ্যং সমনুৎসৃজ্য শূদ্রো ভবতি তাদৃশঃ॥

কোন যজ্ঞীয় সভা হইতে বিতাড়িত করেন; কিন্তু কবশের সহিত দেবগণের সদ্ভাব থাকায় তিনি পুনরায় ঋষিসমাজভূক্ত হয়েন। ছান্দোগ্য উপনিষদে যে সত্যকাম-জাবালসংবাদ আছে, তদ্দৃষ্টে বুঝা যায়, যে সত্যকাম অজ্ঞাত কুলোৎপন্ন দাসীপুত্র হইলেও গৌতম তাহার সত্যনিষ্ঠা দেখিয়া তাহাকে ব্রাহ্মণ্যে দীক্ষিত করিয়া বেদের উপদেশ দিয়াছিলেন। শূদ্রকে বেদের উপদেশ প্রদান এরূপ আখ্যায়িকা আমরা ছান্দোগ্য উপনিষদে পাইয়া থাকি।

গুণ ও কর্ম্মের উৎকর্ষাপকর্ষক্রমে যে বর্ণভেদ হইয়াছে, তদ্বিষয়ে নিম্নলিখিত শ্লোকগুলিও প্রমাণস্বরূপে উদাহৃত হইতে পারে।

সত্যং দানং ক্ষমাশীল মানৃশংস্যন্তপো ঘৃণা।<br>
দৃশ্যতে যত্র নাগেন্দ্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ॥

[ মহাভারত ]

—সত্য, দান, ক্ষমা, শীল, সারল্য, তপস্যা এবং করুণা যাঁহাতে দৃষ্ট হয়, হে নাগেন্দ্র! সেই ব্যক্তিই ব্রাহ্মণ।

"জিতেন্দ্রিয়ো ধর্ম্মপরঃ স্বাধ্যায় নিরতঃ শুচিঃ।<br>
কাম ক্রোধৌ বশে যস্য তং দেবা ব্রাহ্মণং বিদুঃ॥"

যে ব্যক্তি জিতেন্দ্রিয়, ধর্ম্মপরায়ণ, স্বাধ্যায়ে রত, শুচি, এবং যে ব্যক্তি কাম ও ক্রোধকে বশে রাখিয়াছে, তাহাকেই দেবতারা ব্রাহ্মণ বলিয়া জানেন।

"যস্যচাত্ম সমোলোকো ধর্ম্মজ্ঞস্য মনস্বিনঃ।<br>
সর্ব্ব ধর্ম্মেষু চ রতস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ॥"

যে ধর্ম্মজ্ঞ এবং প্রশান্তচিত্ত ব্যক্তি, সকল লোককে আত্মতুল্য

অবলোকন করেন এবং যিনি সকল ধর্ম্মানুষ্ঠানে রত থাকেন, তাঁহাকে দেবতারা ব্রাহ্মণ বলিয়া জানেন।

ন হায়নৈর্ন পলিতৈর্ন বিত্তেন নচ বন্ধুভিঃ।
ঋষয়শ্চক্রিরে ধর্ম্মং যোঽনুচানঃ সনোমহান্‌॥

[মনু]

অনেক বয়স হইলে বা কেশ পক্ক হইলে বা অনেক ধন ও বন্ধু থাকিলে মহত্ত্ব হয় না; ঋষিরা এই নিয়ম করিয়াছিলেন, যে আমাদের মধ্যে যিনি সাঙ্গবেদ অধ্যয়ন করিয়াছেন, তিনিই শ্রেষ্ঠ।

নতেন বৃদ্ধো ভবতি যে নাস্য পলিতং শিরঃ।
যোবৈ যুবাপ্য ধীয়ানস্তং দেবাঃ স্থবিরং বিদুঃ॥

শুক্ল কেশযুক্ত মস্তক হইলেই বৃদ্ধ হয় না, যুবা যদি বিদ্বান হয়েন, তাঁহাকেই দেবতারা বৃদ্ধ বলিয়া জানেন।

পুরাকালে যে কেবল ব্রাহ্মণবীর্য্যে জন্মগ্রহণ করিলেই লোকে ব্রাহ্মণ বলিয়া সমাদৃত হইতেন, তাহা নহে; পরন্তু গুণানুসারে ব্রাহ্মণের আদর ছিল।

ঋক্‌বেদ সংহিতায় আর্য্য ও অনার্য্য এই দুইটী জাতি মাত্রের পরিচয় পাওয়া যায়। অনার্য্যের পরিচয়স্থলে তাহারা দস্যু বা দাস ইত্যাদি ঘৃণাজনক বাক্যে বর্ণিত হইয়াছে। দস্যু শব্দের এখন প্রচলিত অর্থ ডাকাইত, দাসের প্রচলিত অর্থ চাকর; কিন্তু এ অর্থে দস্যু বা দাস শব্দ ঋক্‌বেদে ব্যবহৃত হয় নাই। দাসদিগেব স্বতন্ত্র নগর, সুতরাং স্বতন্ত্র রাজ্য ছিল। তাহারা আর্য্যদিগের সহিত যুদ্ধ করিত। তাহাদের হস্ত হইতে রক্ষা পাইবার জন্য আর্য্যেরা ইন্দ্রাদির পূজা করিতেন; দাস বা দস্যুরা কৃষ্ণবর্ণ এবং আর্য্যেরা গৌর; তাহারা বর্হিষ্মান্‌ অর্থাৎ যজ্ঞ করে না,

আর্য্যেরা যজ্ঞ করে ; তাহারা "অব্রত," অর্থাৎ তাহাদের জীবনের কোন নিদ্ধারিত ব্রত বা কর্ত্তব্য নাই, আর্য্যেরা "সব্রত"। তাহারা অসুর, অর্থাৎ ইন্দ্রিয়ের উপভোগই তাহাদের একমাত্র পুরুষার্থ ; আর্য্যেরা সুর ; অনার্য্যেরা "অন্যব্রত" "অমানুষ" "অযজ্ঞান" "অদেব" "মৃধ্রবাচ" অর্থাৎ কথা কহিতে জানে না, নৃশংস, ক্রুর, রাক্ষস, পিশাচ, অতএব হে ইন্দ্র! হে অগ্নি! হে বরুণ! সেই অনার্য্যগণকে নিপাতিত কর ; তাহারা যেন আর্য্যগণের বশীভূত হয়, আমাদিগের বংশে যেন এমন বীর পুত্র সকল জন্মে, যাহারা ঐ সকল অনার্য্য শত্রুদিগকে ধ্বংস করে, ইত্যাদি বহুবিধ প্রার্থনা ঋক্‌বেদে বারম্বার দেখিতে পাওয়া যায়। এইরূপ বর্ণনায় নিশ্চিত বুঝা যায়, যে, আর্য্যেরা অনার্য্য হইতে ভিন্ন-জাতীয়, ভিন্নধর্ম্মী, ভিন্নদেশী, এবং ভিন্নভাষী ও অনার্য্যদিগের পরম শত্রু ছিলেন।

বেদের অনেক পরে মন্বাদি স্মৃতি। মনুতে প্রমাণ পাওয়া যায়, যে মনুসংহিতা সঙ্কলনকালে আর্য্যদিগের চারি পার্শ্বে অনার্য্যেরা বসতি করিত। পৌণ্ড্র, দ্রাবিড়, কাম্বোজ, যবন, শক, পারদ, পহ্লব, চিন, কিরাত, দরদ, খস, অন্ধ্র, শবর প্রভৃতি অনেক অনার্য্য জাতির নাম মনু ও মহাভারতাদি গ্রন্থে পাওয়া যায়। মহাভারতের সভাপর্ব্বে এই সকল জাতি দস্যু-নামে বর্ণিত হইয়াছে।

অনার্য্যেরা যে পরিশেষে আর্য্যদিগের নিকট পরাজিত হইয়াছিল, ইহা নিশ্চিত। পরাজিত হইয়াই, উহারা যে যেখানে বন্য ও পার্ব্বত্য প্রদেশ পাইয়াছিল, সে সেইখানেই আশ্রয় গ্রহণ করিয়া আত্মরক্ষা করিয়াছিল। সেই সকল প্রদেশ দুর্ভেদ্য হওয়ায় আর্য্যেরা সেই সকল কুদেশ অধিকারে তাদৃশ ইচ্ছুক ছিলেন না ; সুতরাং সেখানে তাহারা সহজেই আত্মরক্ষা করিতে সক্ষম হইয়াছিল। দ্রাবিড়ের ন্যায় কোন

কোন দেশ অনার্য্য-প্রধান হইলেও তাহা আর্য্য-অধিকৃত ছিল। আর্য্যাবর্ত্তের সাধারণ লোক আর্য্য এবং দক্ষিণাত্যের সাধারণ লোক অনার্য্য। যদিও আর্য্যাবর্ত্ত এবং দাক্ষিণাত্য তুল্যরূপে আর্য্যাধিকৃত দেশ, তথাপি দাক্ষিণাত্য আর্য্যজিত প্রদেশ হইয়াও সম্পূর্ণরূপে আর্য্যীভূত হয় নাই। দ্রাবিড়, কর্ণাট প্রভৃতিতে আর্য্যধর্ম্মের বিশেষ গৌরব ও সংস্কৃতের বিশেষ চর্চ্চা থাকিলেও ঐ সকল আর্য্যজিত প্রদেশ এরূপ অল্প পরিমাণে আর্য্যীভূত যে, সে সকল স্থানে লোকের মাতৃভাষা আজও অনার্য্য।

বাঙ্গালা দেশ অনার্য্য প্রধান। বাঙ্গালা দেশের উত্তর সীমায় ব্রহ্মদেশের সম্মুখে পাই, খাম্‌টি, সিংকো, মিশ্‌মি, দফ্‌লা, ও পাদম্‌ প্রভৃতি অনেক অনার্য্যজাতি বসতি করে। আসাম প্রদেশে নাগা, কুকি, মণিপুরী, কৌপেয়ী, মিকির, জয়ন্তিয়া, খসিয়া ও গারো জাতির বাস। আসামের মধ্যে ব্রহ্মপুত্র তীরে কাছাড়ি বা বোড়ো, মেচ্‌ ও ধিমাল জাতি এবং বাঙ্গালার মধ্যে তাহাদের নিকট-কুটুম্ব কোচ জাতির বাস। হিমালয় পর্ব্বতের ভিতরে ভোট লেপ্‌ছা, লিম্বু, কিরান্তী বা কিরাতী জাতির বাস। বাঙ্গালার পূর্ব্ব দক্ষিণ সীমায়—মগ, লুসাই, কুকি, কারেণ, তালাইন্‌ প্রভৃতি জাতির বাস। ত্রিপুরার ভিতরে রাজবংশী, নওয়াতিয়া প্রভৃতি জাতি আছে। বাঙ্গালার পশ্চিম দিকে কোল, সাঁওতাল, খাড়িয়া, মুণ্ড, কোড়োয়া ও ধাঙ্গড় জাতি বাস করে। সাঁওতাল, হো, ভূমিজ, মুণ্ড, বীরহোর, কড়ুয়া, কুর, বা কুকু, খাড়িয়া ও জোয়াঙ্গ এই কয়েকটী কোলবংশীয় অনার্য্য বাঙ্গালা বিভাগে বাস করে; তন্মধ্যে জুয়াঙ্গোরা উড়িষ্যায় ঢেকানাল ও কেঁওঝড় প্রদেশে বাস করে। সিংভূমের অতিশয় বনাকীর্ণ প্রদেশে খাড়িয়াদের বসতি। বীরহোড়েরা হাজারিবাগের জঙ্গলে থাকে। কড়ুয়ারা সরগুজা, যশপুর ও পালামৌ অঞ্চলে থাকে। সাঁওতালেরা

গঙ্গাতীর হইতে উড়িষ্যার বৈতরণী তীর পর্য্যন্ত ৩৫০ মাইল ব্যাপ্ত করিয়া বাস করে ; কোথাও কম, কোথাও বেশী। যে প্রদেশ এখন সাঁওতাল পরগণা বলিয়া খ্যাত, তাহা ভিন্ন ভাগলপুর, বীরভূম, বাঁকুড়া, হাজারিবাগ, মানভূম, মেদিনীপুর, সিংভূম, বালেশ্বর এই কয় জেলায় ও ময়ূরভঞ্জে, সাঁওতালদিগের বাস আছে। ভূমিজেরা, কাঁসাই ও সুবর্ণরেখা নদীদ্বয়ের মধ্যে মানভূম জেলা প্রভৃতি প্রদেশে বাস করে। মুণ্ড বা মুণ্ডারীরা ছোট নাগপুর অঞ্চলে বাস করে। দিনাজপুর, মালদহ, রাজসাহী, রঙ্গপুর, বগুড়া, ঢাকা, ময়মনসিংহ প্রভৃতি জেলায় প্রায় এক লক্ষ কোচের বাস আছে।

বিজিত অনার্য্যজাতিগণ কালে কালে জেতৃ আর্য্যগণের সংস্রবে আর্য্যভাবাপন্ন হইয়া থাকে। এমন কি, তাহাদের আচার, ব্যবহার, রীতি, নীতি, ধর্ম্ম ও ভাষা পর্য্যন্ত পরিবর্ত্তিত হইয়া আর্য্যাকারে পরিণত হইয়াছে।

পূর্ব্বকালে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ব্যতীত অপরাপর বৃত্তিতে যাহারা জীবিকা নির্ব্বাহ করিত, সমাজে তাহাদের সম্মান একেবারেই ছিল না। মনু বলেন, চিকিৎসক, দেবল ব্রাহ্মণ, মাংস বিক্রেতা, দোকানদার, ইহাদিগকে শ্রাদ্ধকার্য্যে নিমন্ত্রণ করিবে না। যাহারা গায়ক, নর্ত্তক, ধনুর্দ্ধক, হস্তী, অশ্ব প্রভৃতি পশুর দমনকারী, যাহারা জ্যোতিষ গণনা দ্বারা লোকের ভাগ্যাভাগ্য নির্ণয় করে, যাহারা ব্যাধ, যাহারা স্থপতি-কার্য্যে কালক্ষেপ করে, যাহারা দৌত্যকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে এবং যাহারা মেষ পালক ও গোপালক ইহারাও ঘৃণিত। কসাই, তৈলকার, বেশ্যা, মদ্যবিক্রেতা—মনুর মতে ইহারা সকলেই এক শ্রেণীভুক্ত। ব্রাহ্মণ ঐ সকল ব্যক্তির নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না। চোরের অন্ন, গায়কের অন্ন, সূত্রধর, কুসীদজীবী, চিকিৎসক, ব্যাধ, কর্ম্মকার, নাট্যকার

স্বর্ণকার, অস্ত্র-বিক্রেতা, ডোম, রজক ও শিল্পকার ইহাদের সকলের অন্নই দূষিত; ইহাদের অন্ন গ্রহণ করিবেন না। কৃষি কর্ম্মের উপরও শাস্ত্রকারগণের বিদ্বেষ-বুদ্ধি ছিল। ব্রাহ্মণ ও ক্ষত্রিয় কোন মতে কৃষি-কার্য্যে নিযুক্ত হইবেন না। স্থূল কথা, তৎকালে সমাজের সকলেই ঘৃণিত ছিল, কেবল ব্রাহ্মণ ও ক্ষত্রিয় সম্মানার্হ ছিলেন। এই কারণ, হিন্দু সমাজে কোন কালে শিল্প বিদ্যাদির উন্নতি দেখা যায় না; অথবা ঐ সকল ব্যবসায়ে কোন লোক যে খ্যাতাপন্ন হইয়াছিলেন, তাহাও শুনা যায় না। শাস্ত্রকার সেইজন্য ইহাদিগকে সঙ্করবর্ণ বলিয়া গিয়াছেন। কি প্রকারে যে এই সকল সঙ্করবর্ণ উৎপন্ন হইল, তাহা ভাবিলে আশ্চর্য্যান্বিত হইতে হয়। ভারতবর্ষে অধুনা লোক-সংখ্যা গণনা দ্বারা প্রমাণিত হইয়াছে, যে ব্রাহ্মণ, ক্ষত্রিয়াদি বর্ণ অপেক্ষা সঙ্কর বর্ণের অস্তিত্ব অধিক। যথায় ব্রাহ্মণ এক জন, তথায় সঙ্করবর্ণের সংখ্যা সহস্র জন হইবে; কিন্তু এই সকল সঙ্কর বর্ণের উৎপত্তিসম্বন্ধে শাস্ত্রকার-গণ যে মত প্রকাশ করিয়াছেন, তাহা শুনিলে হাস্যোদ্রেক হয়। ভ্রষ্টা-স্ত্রীলোকের সহবাসে এই সকল সঙ্করবর্ণের উৎপত্তি হইয়াছে, শাস্ত্রকারগণ এরূপ বলেন। যথারীতি প্রকাশ্য বিবাহের সন্তানসন্ততিগণের সংখ্যা এত অল্প হইল এবং গুপ্ত বিবাহের সন্তানসন্ততিসংখ্যা তাহার সহস্র গুণ অধিক হইল, একথা কোন্ বিচারে গ্রহণ করা যায়? আর কি প্রকারেই বা শাস্ত্রকারগণ জানিতে পারিলেন যে, কে কাহার নিকট গুপ্ত-ভাবে গমন করিয়া কোন্ সন্তান উৎপাদন করিয়াছে? গুপ্ত গমনের যথারীতি গণনা-পুস্তক না থাকিলে এরূপ নিঃসংশয় প্রমাণ কি প্রকারে গ্রাহ্য হইবে? গভর্ণমেণ্ট-কর্ত্তৃক সম্প্রতি যে লোক সংখ্যা গৃহীত হইয়াছে, তাহাতে সমগ্র ভারতবর্ষে হিন্দুগণের মধ্যে অন্যূন ৫০০০।৬০০০ হাজার ভিন্ন ভিন্ন জাতির লোক দেখা যায়, ঐ সকল জাতিই বা মনুর

পরে কিরূপে উদ্ভূত হইবে? উহারাও কি স্ত্রীপুরুষের পরস্পর ব্যভিচারে উৎপন্ন, না বৃত্তিভেদ অনুসারে বিভিন্নতা প্রাপ্ত হইয়াছে? মনুর সময়ে আর্য্যসমাজ সভ্যতায় সর্ব্বোচ্চ সোপানে আরূঢ়। তৎকালে আর্য্যসমাজে কর্ম্মকার, স্বর্ণকার, গোয়ালা, তন্তুবায় প্রভৃতির অস্তিত্ব ছিল না, এমন কথনই হইতে পারে না; তবে মনু কেন উহাদিগকে উল্লেখ করিলেন না? বাঙ্গালায় এক্ষণে বৈশ্য বর্ণ তিরোহিত হইয়াছে। পরন্তু প্রাচীনকালে জনসাধারণকেই বৈশ্য বলিত; সুতরাং সমুদয় বর্ণের লোকাপেক্ষা বৈশ্যবর্ণের জনসংখ্যাই অধিক; কিন্তু কিরূপে এই বর্ণ ক্রমে ক্রমে লোপ পাইল? ইহারা কি সবর্ণা স্ত্রীগণকে পরিত্যাগ করিয়া অপরাপর বর্ণের স্ত্রীতে প্রসক্ত হইয়া পরিণামে সঙ্করবর্ণে পরিণত হইয়া আপনাদের অস্তিত্ব লোপ করিল? এইরূপ আশঙ্কা সম্ভবপর নহে, পরন্তু ইহা সম্ভব হইতে পারে, যে মনুর সমকালীন বৈশ্যগণ বৃত্তিভেদে এক্ষণে স্বতন্ত্র স্বতন্ত্র জাতিতে পরিণত হইয়াছে। মনুতে কর্ম্মকার, স্বর্ণকার, ও বৈদ্য প্রভৃতির উল্লেখ আছে, কিন্তু তাহাদিগকে কোন স্থলেই স্বতন্ত্র বর্ণরূপে নির্দ্দিষ্ট করা হয় নাই। আজ কাল বর্ণভেদের যে প্রধান অঙ্গ অন্নবিচার, মনুর সময়ে ঐ সকল বর্ণের মধ্যে অন্ন-বিচারের ততটা কঠোরতা ছিল না; কেননা মনু দাস, গোপাল, নাপিত, কুল, মিত্র প্রভৃতির অন্ন গ্রহণ দোষাবহ নহে বলিয়া গিয়াছেন; অথবা শূদ্রান্ন খাইলে তেজ নষ্ট হয়, গণিকার অন্ন খাইলে উভয় লোক হইতে বিচ্যুতি হয়, কুসীদজীবীর অন্ন ভক্ষণ পূযভক্ষণের সমান ইত্যাদিভাবেই অন্নবিচার করিয়া গিয়াছেন।

মনু বৈশ্যগণের কর্ম্ম-বিভাগ-স্থলে কৃষিকার্য্য, গোপালন, বাণিজ্য ও শিল্প প্রভৃতি বৈশ্যের কার্য্য বলিয়া গিয়াছেন। কর্ম্মতঃ গ্রহণ করিতে গেলে তখন কৃষক, রাখাল, বণিক, দোকানদার প্রভৃতি সকলেই বৈশ্যপদবীবাচ্য ও বেদের অধিকারী ছিল। পরাশর

কর্ম্মকার, পোদ্দার, ব্যবসাদার, কৃষক প্রভৃতিকে বৈশ্য বলিয়া স্পষ্টতঃ লিখিয়াছেন।

বৈশ্যের শূদ্র হইবার অনেক কারণ আছে। তন্মধ্যে তাহাদের অজ্ঞতা প্রধান। তাহারা আপন অধিকার রক্ষার জন্য কখনও প্রয়াস পায় নাই। যে সদা বিষয়কর্ম্মে রত, তাহার পক্ষে দ্বিজোচিত ক্রিয়ায় আবদ্ধ থাকিয়া জীবন অতিবাহিত করিবার সময় কোথায়? সুতরাং তিনি যে ক্রিয়ালোপপ্রযুক্ত শূদ্রত্বে পতিত হইবেন, ইহা অসম্ভব নহে। এইরূপ ক্রিয়াবর্জ্জিত জাতিগুলিকে অশ্রদ্ধেয় করিবার জন্য সদাচার-নিরত শাস্ত্রকারগণকে কোন উপায় অনুসন্ধান করিতে হইয়াছিল। যাহারা শূদ্র নহে, অথচ শূদ্রের আচারধারী হইল, তাহাদের সামাজিক সম্মান খর্ব্ব করিবার জন্য ও ক্রিয়াবানদিগের নিকট হেয় দেখাইতে হইবে বলিয়া সঙ্করত্বের আরোপ করিয়া দিলেন। তাহাতেও কিঞ্চিৎ উৎকর্ষাপকর্ষের ভাব রাখিলেন। সঙ্করত্ব কিন্তু অলীক নহে, তাহা অন্য প্রকারে সত্য। মূলে সত্য না থাকিলে ঐ তত্ত্বের এত প্রসার হইত না। অধ্যাপক ফাউলারের মতানুবর্ত্তী পাশ্চাত্য জাতিতত্ত্ববিদ্যানুসারে মানবগণ মঙ্গোলিক, ককেশীয়ান ও নিগ্রিটো এই তিন প্রাকৃতিক জাতিতে বিভক্ত। ১৮৪২ খৃষ্টাব্দে সুইজারল্যাণ্ড দেশীয় মহাপণ্ডিত এণ্ডাস রেডজিয়স্ জাতিতত্ত্ব বিদ্যার ক্রিয়াসিদ্ধ অভিনব প্রণালী উদ্ভাবন করেন। তৎপ্রদর্শিত পথের অনুসরণ করিয়া কিউভার সাহেব ভারতের অধিবাসীদিগের মুখমণ্ডল ও মস্তকের পরিমাণ করতঃ স্থির করিয়াছেন, যে তাঁহারা ককেশীয় ও নিগ্রিটো জাতির মিশ্রণ। মিশ্রণ ভারতবর্ষীয় তাবৎ জাতির মধ্যে ব্রাহ্মণ-শূদ্র নির্ব্বিশেষে দৃষ্ট হইয়া থাকে। আর্য্যগণ শ্বেতকায় ও ককেশীয়। তাঁহারা ভারতে আগমন করিয়া তাৎকালিক অধিবাসী কৃষ্ণকায় নিগ্রিটো দ্রাবিড়গণের সহিত কিছুকাল পরে একরক্ত

গ্রামী ও সপ্ত গ্রামী সমাজে কাশ্যপ। কেবল সপ্ত গ্রামী সমাজে মধুকৌল্য আছেন। ৪র্থ—দত্ত উপাধিধারীগণ তিন গোত্রে বিভক্ত। শাণ্ডিল্যেরা বিষ্ণুপুর, রাজহাট, চতুর্থ গ্রামী, দক্ষিণদাঁড়া, ডুবরাজপুরের পল্লীগ্রাম ও কুশদহ সমাজে বাস করেন। ব্যাসঋষি গোত্রীয়েরা চৌদ্দ গ্রামী, রাজহাট ও দক্ষিণদাঁড়া সমাজে বাস করেন। পরাশর গোত্রীয়েরা আদি, চৌদ্দ গ্রামী ও রাজহাট সমাজে বাস করেন। ৫ম—কর, এই উপনাম বিশিষ্ট ব্যক্তিরা আদি, অষ্ট গ্রামী ও চৌদ্দ গ্রামী থাকে শাণ্ডিল্য গোত্রীয় এবং চতুর্থ গ্রামী ও দক্ষিণদাঁড়া সমাজে মধুকৌল্য গোত্রীয়। ৬ষ্ঠ—লাহা আশ্রমের জনগণ অষ্ট গ্রামী চতুর্থ গ্রামী ও দক্ষিণদাঁড়া দলে শাণ্ডিল্য গোত্রাবলম্বী এবং আদি ও চৌদ্দ গ্রামী সমাজে মধুকৌল্য গোত্রাশ্রিত। ৭ম—রক্ষিত উপাধি দুই গোত্রে দৃষ্ট হয়। আদি, কুশদহ ও অষ্ট গ্রামী সমাজে শাণ্ডিল্য এবং চৌদ্দ গ্রামী, অষ্ট গ্রামী, দক্ষিণদাঁড়া ও কুশদহে কাশ্যপ। ৮ম—আশ বিষ্ণুপুর, দক্ষিণদাঁড়া ও কুশদহ সমাজে শাণ্ডিল্য। ৯ম—গুঁই চৌদ্দগ্রামী, বিষ্ণুপুর, অষ্টগ্রামী, চতুর্থগ্রামী ও দক্ষিণ-দাঁড়া সমাজে কাশ্যপ। ১০ম—দে উপাধিধারিগণের মধ্যে তিন গোত্র দৃষ্ট হয়। আদি, দক্ষিণদাঁড়া ও সপ্তম গ্রামী থাকে কাশ্যপ। রাজহাট, অষ্টমগ্রামী ও দক্ষিণদাঁড়া থাকে শাণ্ডিল্য এবং চৌদ্দগ্রামী রাজহাট, চতুর্থগ্রামী ও সপ্তমগ্রামী সমাজে কপিল ঋষির গোত্রীয়। ১১শ—দাঁ উপাধিধারিগণ চৌদ্দগ্রামী দক্ষিণদাড়া ও সপ্তমগ্রামী সমাজে মধুকৌল্য গোত্রীয়। ১২শ—কোঁচ দক্ষিণদাঁড়া ও সপ্তগ্রামী সমাজে মধুকৌল্য গোত্রীয়। ১৩শ—কুণ্ডু, আদি, রাজহাট, চতুর্থগ্রামী, দক্ষিণদাঁড়া ও কুশদহ সমাজে সপ্তর্ষী গোত্রীয়। ১৪শ—সিংহ, আদি, চৌদ্দগ্রামী, চতুর্থগ্রামী ও ডুবরাজপুরের পল্লীগ্রামী সমাজে ভরদ্বাজ গোত্রীয়। লৌহ-বর্ত্ম এক্ষণে বিভিন্ন সমাজকে নিকটস্থ করিয়া দিয়াছে। আমরা পরস্পরের নিকট

## বৰ্দ্ধমানের আদি ৪২ গ্রামী সমাজের পরিচয়

| প্রত্যেক বংশের জনৈক ব্যক্তি | নিবাস | অবলম্বন | ৩৭ পর্য্যায়ের আশ্রম | ৪২ পর্য্যায়ের গাঁই | গোত্র | কৌলিন্য | মন্তব্য সূচক উপাধি |
|---|---|---|---|---|---|---|---|
| শ্রীবঙ্কুবিহারী লায়েক | ছোটবেলুনী | পাটের ব্যবসায় | চেল | দ্বারবাসিনী | শাণ্ডিল্য | কুলিন | লায়েক সমাজপতি |
| শ্রীরামসুখ সেন | সুইড়ি | রজ্জুর ব্যবসায় | সেন | সুইড়ি | " | " | প্রামাণিক সেন |
| শ্রীনফরচন্দ্র পাল | মাধপুর | কুসীদ | পাল | মাধপুর | " | কুলিন | প্রামাণিক পাল |
| শ্রীরামতারণ দত্ত | মাধপুর | " | দত্ত | মাধপুর | পরাশর | মৌলিক | " |
| শ্রীনফরচন্দ্র কর | নিঃশঙ্ক | রজ্জুর ব্যবসায় | কর | " | শাণ্ডিল্য | " | " |
| শ্রীরাসবিহারী লাহা | কাইগ্রাম | " | লাহা | " | মধুকৌল্য | " | " |
| শ্রীগোপালচন্দ্র চন্দ্র | সিঙ্গারকোন | ঘৃত ব্যবসায় | চন্দ্র | দাসপুর | " | " | " |
| শ্রীবাবুলাল দে | পাঁচথেয়া | কুসীদ | দে | " | কাশ্যপ | " | " |
| শ্রীধনঞ্জয় দাস | দেপুর | রজ্জুর ব্যবসায় | দাস | দেপুর | শাণ্ডিল্য | " | " |
| শ্রীরামলাল রক্ষিত | ভদ্রেশ্বর | ব্যবসায় | রক্ষিত | ইচ্‌লেবাজার | " | " | " |
| শ্রীহংসেশ্বর কুণ্ড | দে পাড়া | " | কুণ্ড | বটগ্রাম | সপ্তর্ষি | " | " |
| শ্রীকানাইলাল রুদ্র | কাশিয়াড়া | " | রুদ্র | " | শাণ্ডিল্য | " | " |
| শ্রীআনন্দমোহন চার | ছাতিনে | " | চার | ছাতিনী | " | " | " |
| শ্রীরাজকৃষ্ণ সিংহ | মাসডাঙ্গা | " | সিংহ | " | ভরদ্বাজ | " | " |
| শ্রীসতীশচন্দ্র বৰ্দ্ধন | সাকো | " | বৰ্দ্ধন | " | " | " | " |

| | উপাধি | গাঁই | গোত্র |
|---|---|---|---|
| ৫। | বারসিম্নিলাহা | বেলে | মধুকৌল্য |
| ৬। | তেলকূপী কর | কৃষ্ণনগর | শাণ্ডিল্য |
| ৭। | দম্বাল রক্ষিত | জাইপাড়া | কাশ্যপ |
| ৮। | স্বষ্টের দাঁ | দ্বারহাটা | মধুকৌল্য |
| ৯। | দেএর দে | ফতেপুর | কপিলঋষি |
| ১০। | কর্ণসেন | গোপীনাথপুর | শাণ্ডিল্য |
| ১১। | পরাশর দত্ত | চাঁদবাটী | পরাশর |
| ১২। | গর্গঋষিসেন | বড়স্থর | গর্গঋষি |
| ১৩। | বিরুলে গুঁই | ষাড়েশ্বরপুর | কাশ্যপ |
| ১৪। | বটগ্রামী দত্ত | চাঁচোয়া | শাণ্ডিল্য |

দামোদর দত্ত প্রামাণিকের চারি পুত্র ; যদুনাথ, বাণীনাথ, গোপীনাথ ও মুরারীমোহন। যষ্ঠীবর সিংহ হালদারের চারি পুত্র ; ভবনাথ, বৈদ্যনাথ, চন্দ্রশেখর বা রঘুনাথ এবং গোকুল। রত্নাকর সিংহ সরকারের দুই পুত্র ; হরি ও বিষ্ণু। ইনি দ্বিতীয় পক্ষে বর্দ্ধমানের সন্নিকট ধামাশ গ্রামে মাল্যধর সেনের কন্যাকে বিবাহ করেন। মাল্যধর নিঃসন্তান ছিলেন, তাঁহার সম্মান দৌহিত্রদ্বয়ের উপর অর্পিত হইয়াছে।

মহৎ হইবার আকাঙ্ক্ষা না হইলে কেহ কৃতী হইতে পারে না। আদিসমাজ হইতে বিচ্ছিন্ন হইয়া ১৪ গ্রামী সম্প্রদায় অদম্য উৎসাহের সহিত আপনাদের শ্রেষ্ঠত্ব স্থাপন করিতে কৃতসংকল্প হইলেন। প্রথমতঃ দলের পুষ্টিসাধনের জন্য নানা উপায় অবলম্বন করিতে হইয়াছিল। আপনাদের শ্রেষ্ঠতা প্রদর্শনের জন্য বিধবার ব্রতোপবাসাদিতে কঠোরতার বিধান করিয়াছিলেন। আচার ব্যবহার সৎ হইলে লোক-সমাজে মর্য্যাদান্বিত হইতে পারা যায়, ইহা তাঁহারা বুঝিয়াছিলেন।


তাম্বলীগণ কিছু অবস্থাগত সম্মান পাইয়া থাকেন। আত্মশুদ্ধির প্রতি ইহাদিগের লক্ষ্য দেখা যায়।

আসামে পান ও সুপারি উভয়কে তাম্বূল কহে। তাম্বূল বিক্রয়ের জন্য বারুই বা তাম্বলী নামে কোন জাতি নির্দ্দিষ্ট নাই। গৌহাটীনিবাসী আসামের পূর্ব্বতন রাজার পরিচারকগণ ( ফুকন্ ) এই সম্মানিত উপাধি পাইতেন, তন্মধ্যে যিনি তাম্বলকরঙ্কবাহী ছিলেন, তাঁহাকে তামূলীফুকন্ কহা হইত। ডিব্রুগড়নিবাসী আসামবুরুঞ্জী লেখক স্বর্গীয় কাশীরাম তামূলীফুকন্ ব্রাহ্মণজাতীয় ছিলেন। তামূলীফুকনের উপাধি হইতে দুইটী তত্ত্ব নিষ্কাসিত করিতে পারা যায়। প্রথমতঃ তাম্বূলের সংস্রব পবিত্র,- নতুবা ব্রাহ্মণ ইহার কার্য্যভার লইতেন না, দ্বিতীয়তঃ তাম্বূলের সংস্রবে থাকাতে তাঁহার তামূলী বা তাম্বলী উপাধি হইয়াছিল।

## বৰ্দ্ধমান প্রদেশে তাম্বূল-বণিকের

# আদিস্থান

( শব্দতত্ত্বানুযায়ী )




( দামোদর ও ভাগিরথীর শাখানদীর মধ্যস্থল, বৰ্দ্ধমান হইতে পাণ্ডুয়া পর্য্যন্ত )

১। কর্ণসেনের বাসস্থান—কর্ণপুর ( কানপুর ); বৰ্দ্ধমান হইতে দশ মাইল উত্তরে।

২। চাকুলের দের বাসস্থান—চাকুলে; মেমারির চৌদ্দ মাইল উত্তরে।

৩। বড়েয়ার দত্তের বাসস্থান—বড়েয়া গ্রাম; শক্তিগড় হইতে আট মাইল উত্তরে।

৪। মধুগ্রামী সেনের বাসস্থান—মধুগ্রাম; মেমারি হইতে পাঁচ মাইল উত্তরে।

৫। বটগ্রামী দত্তের বাসস্থান—বটগ্রাম; রসুলপুর হইতে দুই মাইল উত্তরে।

৬। দে-এর বাসস্থান—দেপুর; মেমারির চারি মাইল উত্তরে।

৭। তেলকুপি করের বাসস্থান—তেলকুপি; মেমারি হইতে আট মাইল দক্ষিণে।

৮। পাঁচড়া গ্রাম—মেমারি হইতে বার মাইল দক্ষিণে অবস্থিত।

গজস্কন্ধ কোথায় অদ্যাপি তাহা নির্ণীত হয় নাই। দেপুর, বটগ্রাম ও কর্ণপুরে যে সকল তাম্বূল-বণিক বাস করিতেছেন, স্থানভ্রষ্ট না হওয়ায় তাঁহাদিগকে উক্ত গ্রামের নাম উল্লেখ করিয়া পরিচয় দিতে হয় না। ইহাতে ঐ সকল ব্যক্তিকে আদি সমাজের লোক বলিতে হইবে।

# প্রচার

প্রচারের অর্থ, উদ্দিষ্ট বিষয়ে সাধারণের মনোযোগ আকর্ষণ করিবার জন্য অনুষ্ঠান বুঝাইতে পারে। আমাকে প্রয়োজনীয় কোন স্থানে যাইয়া ব্যক্তি বিশেষের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে সভার কার্য্যে যোগ দিবার জন্ম অনুরোধ করিতে হইবে এই ভার দেওয়া হয়। কামরূপ হইতে প্রত্যাগমন করিয়া ম্যালেরিয়া পীড়িত স্থানে যাইতে আমি অস্বীকার করি, অতএব আমাদ্বারা প্রচারকের কার্য্য সাধিত হয় নাই। কার্য্যের দায়িত্ব বোধ থাকে এমন ব্যক্তিকে আগামী বর্ষে প্রচারকের পবিত্র পদ প্রদান করা উচিত। অবৈতনিক লোক না

পাইলে বেতন ভোগী কর্ম্মচারীকে প্রচারক নিযুক্ত করিতে হইবে, নতুবা একস্থানে বসিয়া কেবল মাসিক পত্র প্রচার দ্বারা সম্মিলনীর উদ্দেশ্য সফল হইবে না। সম্মিলনী এক প্রকার কুটুম্বিতার ক্ষেত্র, সাক্ষাৎ সম্বন্ধে আহুত না হইলে অপরিচিতের পত্রদ্বারা নিমন্ত্রণ গ্রহণ করা সকলের পক্ষে সম্ভবপর নহে।

বালেশ্বরে যাইয়া শুনিয়াছিলাম সম্মিলনীর তৎকালের নেতা বিবাদ-পরায়ণ কোন একপক্ষে কথা কহিতেছেন। এরূপস্থলে সভার পক্ষীয় লোকের বাক্যব্যয় করিতে নাই। রাজ গ্রামের শীর্ষস্থানীয় জনৈক ব্যক্তি কহিয়াছিলেন, আমাদের থাকের প্রতিজ্ঞা.ত আছে কেহ বিচ্ছিন্ন হইবেন না। সর্ব্বদ্বারি বিবাহ প্রথা প্রচলিত করার পক্ষে তাঁহাদের ঐরূপ প্রতিবন্ধক রহিয়াছে, এ প্রকাব ভ্রম নিবারণ করিবার জন্য প্রচারকের আবশ্যকতা আছে। কাশীতে একজনকে জিজ্ঞাসা করিয়াছিলাম আপনি কি অষ্টগ্রামী? প্রত্যুত্তরে তিনি কহিলেন, 'হাঁ, কিন্তু এখন সকল থাক মিলিত হইয়া গিয়াছে'। ইহা সভার কার্য্যকারিতার ফল, সন্দেহ নাই। সন্ধিপুরে একব্যক্তি কহিলেন, আমাদের প্রতিযোগী পক্ষের সহিত সভা মিলিয়াছেন, অথচ আমাদের কোন সংবাদ লওয়া হয় নাই এইরূপে কি সম্মিলন সমাধা হইবে? ছোটবেলুনগ্রামের প্রধান ব্যক্তি কহিয়াছিলেন, উদ্যোগী না দেখিলে কেমন করিয়া যাইব। আমি সম্প্রতি নিশড়াগড়, দেবীপুর ও বৈঁচি গিয়াছিলাম। সম্মিলন সম্বন্ধে অদ্যাপি তথায় কোন আলোচনা হয় নাই। নেতৃগণ সেখানে যাইয়া সভা করিলে উত্তেজন হইতে পারে। সুপ্রসিদ্ধ ভূম্যধিকারী শ্রীযুক্ত নফর চন্দ্র পাল চৌধুরি মহাশয়ের সহিত হুগলীতে একদিন আমার সহিত সাক্ষাৎ হয়; তিনি কহিয়াছিলেন, সভার সহিত কায়মনোবাক্যে আমরা যোগ দিতে পারিতেছিনা, তজ্জন্য চৌদ্দগ্রামীরা দায়িক হইতেছেন। শিখরভূম ও

কটলুই বাসীদের হীন অবস্থা দেখিয়া দুঃখিত হইয়া আসিয়াছি, তাহাদিগকে উন্নত করিতে না পারিলে আমাদের জাতীয়-সম্মান বৃদ্ধি হইবে না, কনিষ্ঠ ভ্রাতা নিকৃষ্ট হইলে অগ্রজের নিন্দা আছে। কনিষ্ঠের সহিত সম্বন্ধ ত্যাগ করিলে জ্যেষ্ঠের গৌরব, অক্ষুণ্ণ রহিতে পারে না, অতএব চৌদ্দগ্রামী-জ্ঞানবৃদ্ধ ভ্রাতৃগণ অপর গ্রামী জ্ঞানে-কনিষ্ঠ ভ্রাতৃগণকে হস্তধারণ করিয়া উত্তোলন করুন ইহাই তাঁহাদের দায়িত্ব, ও সম্মিলনীর দায়িত্ব তাহাই। আমি যখন চাঁইবাসায় ছিলাম, বাবু কৃষ্ণমাধব দত্তকে উকীলের পরিচ্ছদ ধারণ করিতে দেখিলে সুখী হইতাম, ইহাকে যেন আমাদের সকল সমাজের আদরের সামগ্রী বোধ হইত। শুনিয়াছি আমাদের জাতি নাকি বড় অসূয়া পরবশ। মহৎ হইতে হইলে আত্মমর্য্যাদা বোধ থাকা আবশ্যক। উহা অসূয়া নহে, অসূয়া দ্বারা শুভ হইতে পারে না।

প্রচারক সম্মিলন-কার্য্যে যাইয়া প্রাদেশিক জাতীয়-ইতিহাস ও প্রত্নতত্ত্ব সংগ্রহ করিবেন। ইহা তাহার আনুসঙ্গিক কার্য্য। বাঁকুড়ায় শ্রীযুক্ত রামনিধি রক্ষিতের বাটীতে যাইয়া জিজ্ঞাসা-পড়ার খাতা দেখিয়াছি; ইহা কুলপঞ্জি নহে, নানাবিষয়ের মধ্যে পরশুরামের কারিকা লিপিবদ্ধ হইয়াছে। উকিল শ্রীযুক্ত গিরিশ চন্দ্র দত্ত মহাশয় উহা হইতে প্রতিলিপি করিয়া সর্ব্বপ্রথমে আমাকে দেন। স্বর্গীয় ব্রহ্মানন্দ বাবুও জিজ্ঞাসা-পড়ার খাতা দিয়াছিলেন তাহাও উপরিউক্ত ভাবের বস্তু। বাঁকুড়ায় ময়রাদের পুস্তকে সেই কারিকা আছে। ইহা কুলপঞ্জি না হইলেও উহা হইতেই কুলপঞ্জির মুখ্য উপাদান প্রাপ্ত হওয়া গিয়াছে। জিজ্ঞাসা-পড়ার অর্থ প্রশ্নোত্তর। অষ্টগ্রামী, বিয়াল্লিশগ্রামী ও অপর এক গ্রামীর ঐ প্রকারের প্রশ্নোত্তরময় তথা কথিত কুলজী আবিষ্কৃত হইয়াছে; অষ্টগ্রামীর ভিন্ন অপর দুইখানি পরশুরামের কারিকা। প্রকৃত কুলপঞ্জি

চৌদ্দগ্রামীদের থাকিলেও উহাকে আংশিক কহিতে হইবে। ইদানিং সম্পূর্ণ কুলপঞ্জি লিখিবার চেষ্টা হইতেছে মাত্র। দেবীপুর রেলওয়ে ষ্টেশন তাম্বূল-বণিকের ভূমির উপর স্থাপিত; চণ্ডীলাল সিংহ মহোদয়কে হারাইয়া দেবীপুর ও আমরা শ্রীহীন হইয়াছি। অদ্বৈত সিংহ মহাশয়ের বাটী এবং লক্ষ্মী নারায়ণের মন্দির বালেশ্বরের রাজবাটীর সহিত তুলনা না করিলেও উহা আমাদের মধ্যে অদ্বিতীয়। মেমারি হইতে এই প্রকাণ্ড দেবায়াতনের চূড়া দৃষ্ট হয়। যে মন্দিরের শকাব্দের উপর নির্ভর করিয়া আমি জাতীয় ইতিহাসের ভিত্তি স্থাপন করিতে চেষ্টা করিয়াছি, বৈঁচিগ্রামে সেই সিংহের দেউল তত্রত্য ভূম্যধিকারী স্বর্গীয় বিহারীলাল মুখোপাধ্যায় মহাশয়ের বাটির মধ্যে এখন অবস্থিত। বিহারী বাবু নানা সৎকার্য্যের জন্য ব্যয় করিয়া উদ্বৃত্ত অংশ রাজা গ্রহণ করিবেন, এই সত্বে সর্ব্বস্ব গবর্ণমেণ্ট হস্তে অর্পণ করিয়া গিয়াছেন। বর্দ্ধমানের ম্যাজিষ্ট্রেট দেউল সংস্কারের জন্য অনুমতি প্রদান করিয়াছেন বটে, কিন্তু সংস্কারে জরাগ্রস্থকে যুবা করা যায় না। আমরা জানি মন্দিরে 'শুভমস্তু শকাব্দা ১৫০৪' (অর্থাৎ ১৫৮২ খৃষ্টাব্দ) লিখিত আছে। অধুনা দৃষ্ট হইতেছে শকাব্দা ১৬০৪। ইহাতে আমি চমকিত হইলাম। ভাবিলাম ইতিহাস একশত বৎসর পরবর্ত্তী হইয়া যাইতে বসিল। পরে বিশেষ অনুধাবন করিয়া সন্দেহভঞ্জন হইল; অতিমাত্র আহ্লাদিত হইলাম। শকাব্দার পরে যেখানে ১৬ আছে, ৬ অঙ্কের বামপার্শ্বে কিঞ্চিৎ ভগ্ন রেখা বিদ্যমান। ইহাতে প্রতীতি হইল ৫ অঙ্কের বামপার্শ্বে বৃত্তাকার ইষ্টকের জীর্ণাবস্থাবশতঃ স্খলিত হইয়াছে। বাবু শম্ভুচন্দ্র দে যখন পাঠ উদ্ধার করিয়া রিস্‌লি সাহেবকে দিয়াছিলেন তৎকালে জরা ১৫০৪ শকাব্দাকে ১৬০৪ করিতে পারেন নাই। এখন আমি পাঠ উদ্ধার করিতে গেলে ইতিহাস প্রতারিত হইত। বৈঁচিতে গ্রাণ্ড-ট্রাঙ্করোডের

উপর রামরামসিংহের এক মন্দির আছে; উহাতে অতি স্পষ্টাক্ষরে ইষ্টকোপরি 'শুভমস্তু ১৬৮৭ শকাব্দা, ২৬শে ফাল্গুণ' উৎকীর্ণ রহিয়াছে। সেন মহাশয় দিগের বাটীর পার্শ্বে একটী মন্দিরে 'শকাব্দা ১৫৩৭, ১৪ই ফাল্গুণ,' লিখিত আছে। বুড়াশিবতলায় পালের মন্দিরের সম্মুখে ১৬০০ শকের এক দেবালয় দেখিলাম। অতএব বৈঁচি আমাদের জাতীয় ইতিহাসের বিশেষ সাহায্য করিতেছে। দেউলিয়া সিংহের বিষ্ণুমন্দির ১৫৮২ খৃষ্টাব্দে নির্ম্মিত, সুতরাং তাহার বয়ঃক্রম ৩২৪ বৎসর। রামরাম সিংহের বিষ্ণুমন্দিরে ১৬৮৭ শক থাকায় খৃষ্টাব্দ ১৭৬৫ হইতেছে, সুতরাং সিংহের দেউলের ১৮৩ বৎসর পরবর্ত্তী; ইহার বয়ঃক্রম ১৪১ বৎসর হইল। সেনের বাটীর নিকটস্থ শিবমন্দির এতদপেক্ষা অর্দ্ধ শতাব্দি প্রাচীন, তাহাতে ১৬৩৭ শক থাকায়, খৃষ্টীয় ১৭১৫ অব্দ হইবে। ইহাতে বয়স ১৯১ বৎসর হইয়াছে। শিবমন্দির বিষ্ণুমন্দিরের গঠন প্রণালীতে প্রভেদ আছে। শিবমন্দির বাঙ্গালাদেশের তৃণাচ্ছাদিত গৃহ নির্ম্মাণ প্রণালীর অনুরূপ, বিষ্ণুমন্দির স্বস্তিকের মত বা পশ্চিমাঞ্চলের মন্দিরের ন্যায় সূক্ষ্মাগ্র। নাটুদেহের পালচৌধুরি মহাশয়েরা ১৬০০ শকে (১৬৭৮ খৃঃ) এখানে বাস করিতেন, ইষ্টকলিপি তাহা সাক্ষ্য দিতেছে।

# চূর্ণক

'কুশদ্বীপ-কাহিনী'তে বিপিনবিহারী চক্রবর্ত্তী মহাশয় লিখিয়াছেন,—

১। পূর্ব্বকালে গুণানুসারে বর্ণভেদ হইত।

২। বাঙ্গালার অধিকাংশ বঙ্গীয় সৎশূদ্র, বৈশ্যগুণান্বিত।

৩। সুতরাং, অধিকাংশ বঙ্গীয় শূদ্র বৈশ্যত্বলাভ করিতে পারে। পূর্ব্বোক্ত ত্রি-অবয়বঅনুমান বাক্যানুসারে দেখা যাইতেছে, যখন তাম্বূলী-গণ বঙ্গীয় সৎশূদ্র বলিয়া পরিচিত, তখন উহাদিগের বৈশ্যত্বলাভ অবশ্যই অশাস্ত্রীয় ও অনধিকৃত নহে। আমরা বলি, বঙ্গীয় সৎশূদ্র মাত্রেরই এইরূপ শূদ্রভাব পরিত্যাগ ও পৌরাণিকআর্য্যভাব প্রাপ্তির জন্য কায়মনোবাক্যে চেষ্টা করা উচিত। হিন্দুধর্ম্মাবলম্বী হিন্দুজাতির মধ্যে এই পৌরাণিক আর্য্যভাব যত সংক্রামিত হইয়া আসিবে, যতই হিন্দু আপনাকে হিন্দু বলিয়া চিনিতে পারিবেন, যতই হিন্দুর সুপবিত্র সদাচার সকল দৃঢ়মূল হইয়া, কলুষিত বর্ত্তমান হিন্দুসমাজ মধ্যে চির-প্রথিত ও বদ্ধমূল হইতে থাকিবে—ততই অধঃপতিত হিন্দুর শ্রীবৃদ্ধি সাধিত হইবে। অধুনা যেরূপ দেখিতে পাওয়া যায়, তাহাতে সহজেই বোধ হয়, যেন বৈশ্যবর্ণ বাঙ্গালার হিন্দু সমাজ হইতে এককালে নিষ্কাশিত ও লোপপ্রাপ্ত হইয়াছে; কিন্তু বস্তুতঃ তাহা নহে; বৈশ্যবর্ণ এইরূপে সৎশূদ্র মণ্ডলীর সহিত সংমিশ্রিত হইয়া রহিয়াছে; সেইজন্য যাহাতে এই সংকীর্ণতা বিদূরিত হইয়া, বর্ত্তমান সমাজ সংস্কৃত ও পবিত্র হয়, তজ্জন্য চেষ্টা করা, বঙ্গীয় সৎশূদ্র ও আর্য্যসমাজ-সংস্কারক ব্যক্তি-মাত্রেরই একান্ত কর্ত্তব্য। অতএব হিন্দুস্থানীরা যাহাই হউক, আমাদের বৈশ্যত্বে কোন সন্দেহ হইতে পারে না।

বৈষ্ণবগণ ভগবৎভক্ত হইবার জন্য তৃণাদপি সুনীচ হইতে হয় ভাবিয়া আপন নামের সহিত দাস শব্দ ব্যবহার করিতে বাধ্য। সে জন্য উড়িষ্যার ব্রাহ্মণকে পর্য্যন্ত দাস উপাধি ধারণ করিতে দেখিয়াছি। আমাদের মধ্যে যাহার কৌলিক উপাধি দাস আছে, তিনি সে জন্য যেন আপনাকে শূদ্রবোধ না করেন। মানভূমে একটী জাতি আছে, তৎসম্বন্ধে আমি তাম্বূল-বণিকের সমাজভেদ নামক ক্রোড়পত্রে লিখিয়াছি। এই জাতির অশিক্ষিত লোকে আপনাদিগকে বিশি বা বিশ কহে। বাঙ্গালায় যাহারা ব্রাহ্মণ ও শূদ্র ভিন্ন অন্য বর্ণ দেখিতে পান না, এই জাতীর প্রতি তাঁহাদের দৃষ্টি আকর্ষণ করিতে ইচ্ছা করি। বিশ্বস্তসূত্রে অবগত হইয়াছি, পাবনা জেলার চাটমোহরে শঙ্খবণিক ও দাঁইহাধের নিকটস্থ সম্মুজের কাংস্যবণিক উপবীত গ্রহণ করে। ইহাদিগকে বৈশ্য না বলিলে চলিবে না। বিশ জাতি বৈশ্য, কোন উপবর্ণ নহে।

ব্রাহ্মণের দেব, শূদ্রের দাস এবং যেমন স্ত্রীত্বে দেবী ও দাসী হইয়া থাকে, বৈশ্যের তদ্রূপ না হইয়া ভূতি উভয় স্থলেই সমান থাকিবে। কিম্বা, রক্ষিতের স্ত্রী আপন নামের সহিত উপাধিরূপে রক্ষিত-পত্নী লিখিতে পারেন। অবিবাহিতা হইলে রক্ষিতকুমারী হইবে। বৈদ্য বৈশ্যবর্ণ, তজ্জন্য গুপ্তপ্রেস সংস্থাপকের পত্নী গ্রন্থরচয়িত্রী কৈলাসবাসিনী ‘দেবী’ শব্দ প্রয়োগ করিতেন।

# পরশুরামী কুলচীর উৎপত্তি

পরশুরাম, তাম্বূলীর জন্ম কথা, কোন্ পুরাণ বা কল্পনার আশ্রয়ে বর্ণনা করিয়াছেন, আমি তাহার সম্বন্ধ-নির্ণয়ে সিদ্ধান্ত করিতে পারি নাই। এক্ষণে স্থির হইয়াছে, তিনি শূন্য পুরাণ অবলম্বনে, ঐ প্রকার উৎপত্তি-কাহিনী দিয়াছেন। রামাই পণ্ডিতের ধর্ম্ম ঠাকুরের গাজন পদ্ধতিতে, নানা জন্ম কথায়, ঘর্ম্ম ও অঙ্গের মলা হইতে, উদ্ভব-বৃত্তান্ত দৃষ্ট হয়; এবং উহাতে তাম্বূল পুত্রের নাগ কন্যা বিবাহবৎ ইতিহাসের অভাব নাই। গাজন অর্থে, পূর্ণ করা।

"আরোপি এ ঘট দিলেন হক্ সট,
তাঁতুল ফল গর্ত্ত পুরি।"—রামাই।

ইহা তণ্ডুল ও ফল দ্বারা ঘটের গর্ত্ত পূরণের উৎসব। পরিষৎ গ্রন্থাবলী, ২১ সংখ্যাত, শূন্য পুরাণ হইতে, সৃষ্টি-পত্তন নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম। শূন্য, ধর্ম্ম ও নিরঞ্জন, এক অর্থে ব্যবহৃত।

গলার মলা লএ পরভু ভাবেন্ত তখন।
রাখিব বাসুকি মাথে বোলে নিরঞ্জন॥
তিলেক পরমাণ মলা নিল নারাঅন।
ঠাকুর উল্লুক দুহে কহিল বচন॥
সেই অঙ্গ মলা দিল বাসুকির মাথে।
ছিষ্টির সাজন পরভু কৈল হেন মতে॥

পৃথিবী ভরমিআ দুহে পরিসরম হইঞা।
অর্দ্ধ অঙ্গের ঘাম পরভু ফেলিল মুছিঞা॥
তাহে আদ্যাশক্তির জনম হইল আচম্বিতে।
ঘামে ত জনমিল শক্তি চলিল তুরিতে॥
উল্লুক বোলেন আরু সুনহ নারাঅন।
দুইজনে [illegible]মন করি কিসের কারণ।"

রামাই পণ্ডিতের রচনায় সংস্কৃত বর্ণ-বিন্যাসের প্রভাব নাই। প্রাকৃতের ভাব, উহাতে দেখা যাইবে। বঙ্গভাষায় পরিজ্ঞাত, এই আদি গ্রন্থ, ৮০০ শত বৎসর পূর্ব্বে যৎকালে লিখিত হইয়াছিল, তখন বঙ্গের পার্শ্ববর্ত্তী অন্যান্য স্থানে যে ভাষা প্রচলিত ছিল, তাহা ইহার অনুরূপ। উক্ত পাঁচালীর ৭৬ পৃষ্ঠায় লিখিত আছে।

"আচমন করি বাকু হইল ধর্ম্মের গমন।"

এই 'আকু' বিভক্তির 'কু' অংশের প্রসার, উৎকল হইতে অন্ধ্র দ্রাবীড় পর্য্যন্ত, লক্ষ্য করিয়াছি।

সে কালে গ্রাম্য নিরক্ষর বালকগণ, সভায় জিজ্ঞাসিত হইয়া, কি প্রকারে নানা প্রকার জ্ঞানের পরিচয় দিবে, 'জিজ্ঞাসা' পড়ার খাতা তাহার সংস্থান স্বরূপ। পৌরাণিক, লৌকিক বৃত্তান্ত, সকলই তাহার বিষয়ীভূত। বাঁকুড়ার ময়রাদের, জিজ্ঞাসা-পড়া, তাম্বুলী কাহিনী, আছে। ঐ স্থানে শ্রীযুক্ত রামনিধি রক্ষিতের নিকট, উকিল গিরিশচন্দ্র দত্ত বি, এল, মহাশয়ের দ্বারা সংগৃহীত, জিজ্ঞাসা-পড়া কুঁচিয়াকোলে প্রাপ্ত খাতার অনুরূপ। কুলপঞ্জি ভিন্ন, অপর প্রশ্নোত্তর কিঞ্চিৎ বিভিন্ন। উহা কোন্ সময়ের লেখা, স্থির করিতে হইবে। অষ্টগ্রামী রাজা বাহাদুরের নিকট প্রাপ্ত, জিজ্ঞাসা-পড়া ঐ প্রণালীতে লিখিত। তাহাতে পরশুরামের কারিকা নাই। উহার আবরণ পত্রে, মায়াপুরে ধর্ম্মঠাকুর প্রতিষ্ঠার কাল, ৯৭৬ সালের উল্লেখ রহিয়াছে। তাহা হইলে ৪০০ শত বৎসর পূর্ব্বে ঐ প্রকার সাহিত্যের প্রাদুর্ভাব, স্থির করা যাইতে পারে। পরশুরাম, তাহার কত পূর্ব্ববর্ত্তী ইহা নির্ণয় করা কঠিন। তাঁহার সময়, মুসলমানের প্রভাব অনেক পূর্ব্বে হইয়াছিল, এইমাত্র জ্ঞাত হওয়া গিয়াছে।

রামাইয়ের রচনা, মুসলমান আধিপত্যের আরম্ভে, সুতরাং প্রাচীন।

যে প্রদেশে পরশুরামের উক্তি প্রচলিত, রামাইয়ের পাচালীও তথায় লিখিত। ধর্ম্ম ঠাকুর সাহিত্যের আকর, বিষ্ণুপুর হইতে ৬ ছয় ক্রোশ ব্যবহিত। ময়নাগড়ের রাণীর নামে প্রসিদ্ধ, ময়নাপুরের নিকট রামাই বাস করিতেন। কুচিয়াকোল তথা হইতে ক্রোশেক দূর। উভয়ের রচনায়, 'তথির উপরে' বা 'তথির কারণে' এই বাক্যের মিল দেখিতে পাওয়া যায়।

রামাই, বাইতী জাতীয় হইয়া, আপনাকে দ্বিজ বলিয়াছেন। ধর্ম্ম-ঠাকুর পূজার অধিকার প্রাপ্ত হইতে হইলে, তাম্র সংস্কার করিতে হয়। অতএব, দ্বিজ হইতে অবশিষ্ট থাকে না। পরশুরাম দাস সেই প্রকার তাম্র দীক্ষা গ্রহণ করিয়া, দ্বিজ বলিতে অধিকারী। বুদ্ধের সংধর্ম্মে অধিকারী হইতে হইলে, বৈদিক মতের উপনয়নের ন্যায়, উচিত বয়সে তাম্র গ্রহণের প্রথা, যুগপতির গাজনে বিবৃত হইয়াছে। জিজ্ঞাসা-পড়ায়, যে প্রকার সংস্কৃত বাক্যের ব্যবহার দেখিয়াছিলাম, শূন্য পুরাণে তাহার আদর্শ পাইতেছি।

এক্ষণে কোন দাসদের গৃহে, যুগপতির পূজা প্রচলিত থাকার সন্ধান পাইলাম না। বদনগঞ্জে শ্রীযুক্ত ঈশানচন্দ্র দের বাটীতে ধর্ম্ম আছেন। ময়নাপুর সেখান হইতে দূরবর্ত্তী নহে। রামাইয়ের বংশধরগণের দ্বারা পূজিত, সিদ্ধিরায় নামক ধর্ম্ম-ঠাকুর এখনও সর্ব্বজন বিদিত। দে-দিগের বাটী হইতেই ভবানীপুরের শ্রীযুক্ত বেনীমাধব আশ মহাশয় কুঁচিয়া কোলের রামানন্দ দাসের বাটীর সন্তান তাঁহার জামাতা দ্বারা স্বর্গীয় ব্রহ্মানন্দ বাবুর জন্য জিজ্ঞাসা-পড়ার খাতা সংগ্রহ করিয়াছিলেন; এবং তাঁহাদেরই জন্য "খাতা ফাঁদিলাম" বলিয়া উহাতে লিখিত আছে।

জাতি বলিয়া পরিগণিত হইয়া আসিতেছেন। অতীত ভারতের গৌরবচ্ছবি সেই সেই বিভিন্ন সমাজের ইতিহাস প্রকাশ করিবার জন্যই বর্ত্তমান বৈশ্যকাণ্ড লিখিত হইল।

লেখক—শ্রীনগেন্দ্রমোহন বসু ও শ্রীক্ষেত্রমোহন সেন

সংবাদ

## তাম্বূল বণিকের উপবীত

১২ই বৈশাখ, ১৩১৪ সালে রাণীচক নিবাসী শ্রীযুক্ত ভবতারণ রক্ষিত, শ্রীযুক্ত গোপালচন্দ্র রক্ষিত, শ্রীযুক্ত গয়ারাম রক্ষিত, হরিশপুর নিবাসী শ্রীযুক্ত হরিপদ রক্ষিত, শ্রীযুক্ত হারাধন রক্ষিত, এবং ছোট ডাঙ্গল, বলীদেওয়ান গঞ্জ নিবাসী শ্রীযুক্ত আশুতোষ সোম—এই ছয় ব্যক্তি যথাবিধি অনুসারে উপবীত গ্রহণ করিয়াছেন।

## আন্তর্গণিক বিবাহ

১৩০৯ সালে তাম্বলী সম্মিলনী সভার প্রথম উদ্ভাবন হয়। সভার মুখ্য উদ্দেশ্য, এই সম্প্রদায়ের বিভিন্ন শ্রেণীর মধ্যে পরস্পরের সম্বন্ধ নির্ণয় ও উহাদের সম্মিলন, এবং স্বজাতিয়ের মধ্যে শিক্ষা বিস্তার প্রভৃতি অনুষ্ঠানের চেষ্টা। সুদীর্ঘ চব্বিশ বৎসর কালে বিভিন্ন শ্রেণীর মধ্যে কিরূপ সৌহৃদ্যতা স্থাপিত হইয়াছে, নিম্নলিখিত তালিকায় উহার কিঞ্চিৎ আভাস পাওয়া যাইবে। পরস্পরের মধ্যে মিলন এখনও যে বহু চেষ্টা সাপেক্ষ তাহা সহজেই প্রতীয়মান হয়। যে সকল শ্রেণী অন্যান্য শ্রেণী অপেক্ষা শিক্ষায় অগ্রণী ও অধিক সমৃদ্ধশালী, উহারা স্বজাতিয়ের মিলন সম্বন্ধে কতখানি উদাসীন তাহাও বুঝিতে আয়াস পাইতে হইবে না।

'থাকা-ভাঙ্গা' বিবাহের প্রধান প্রতিবন্ধক স্বীয় শ্রেণী মধ্যে নির্য্যাতন ভোগ। সহর অপেক্ষা পল্লীগ্রামেই সমাজের এই ব্যাধির অধিক প্রকোপ দেখিতে পাওয়া যায়। পূর্ব্বে বিভিন্ন শ্রেণীর কন্যা গ্রহণকারীকে কিছুকাল পতিত অবস্থায় থাকিতে হইত; ক্রমশঃ তাহাদের সন্তানাদি জন্মিলে সমাজে তাহাদের অন্ন ও বালক বালিকার পরিণয় চলিতে আরম্ভ হয়। এইরূপে নির্য্যাতন ভোগ করিয়া যাঁহারা স্বীয় পরিবার মধ্যে আন্তর্গণিক বিবাহ প্রচলন করিয়াছেন, তাঁহারা চরিত্রবলের জন্য অবশ্য প্রশংসনীয়, কিন্তু লাঞ্ছনা ভোগ করিয়া সমাজ কোন বিষয়ে বেশী দিন অধিক অগ্রসর হইতে পারে না। বিভিন্ন শ্রেণীর মধ্যে বিবাহ সমাজে কিছুদূর অগ্রসর হইয়াছে বলিয়া আজকাল পূর্ব্বের ন্যায় নির্য্যাতন ভোগ করিতে হয় না। অহেতুক ভয়, অপর শ্রেণীগণের প্রতি অকারণ ঘৃণা, তাহাদের বিষয়ে ভ্রম ধারণা এবং অযথা অভিমান এইভাবগুলিও মিলনের অন্যতম অন্তরায়। আদর্শপরায়ণ, চরিত্রবান ও সমৃদ্ধশালী ব্যক্তিগণ এই কার্য্যে অধিক ব্রতী হইলে, সমাজের সর্ব্বসাধারণে উৎসাহিত হইবে। নিকটস্থ আত্মীয়গণের মধ্যে রক্তের সংমিশ্রণে জাতি যে হীন বীর্য্য হইয়া পড়ে, ও মরণোন্মুখ হয়, ইহাতে সন্দেহ নাই। গত বিশবৎসর হইতে তাম্বূলী জাতির লোক সংখ্যা বৃদ্ধি না হইয়া বরং উত্তরোত্তর হ্রাস পাইতেছে। মৃত্যু সংখ্যার হ্রাস ও জাতীয় জীবনী-শক্তি বৃদ্ধি করিতে হইলে, বিভিন্ন শ্রেণীগুলিকে দৃঢ় বন্ধনে বেষ্টন করিতে হইবে, নচেৎ প্রাণ-শক্তি ক্রমশঃ হ্রাস পাইয়া সমাজ মৃত্যুমুখে পতিত হইবে।

কোন শ্রেণীতে কতগুলি বিবাহ হইয়াছে

| | বরপক্ষ | কন্যাপক্ষ |
|---|---|---|
| ৭ গ্রামী | ২৫ | ৮ |
| ৪২ গ্রামী | ৯ | ২৪ |
| ৮ গ্রামী | ৭ | ৮ |
| ৪ গ্রামী | ৭ | |
| ১৪ গ্রামী | ৩ | |

(নিম্নলিখিত তালিকা অনুসারে)

# আন্তর্গণিক বিবাহ

| | বরপক্ষ | | | কন্যাপক্ষ | | |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | নাম | শ্রেণী | বাসস্থান | নাম | শ্রেণী | বাসস্থান |
| ১ | হরিচরণ সেন | ৪ | ... | মধুসূদন নাগ | ৪২ | সাঁখিপুর |
| ২ | ক্ষেত্রমোহন পাল | ঐ | ... | রাধানাথ রক্ষিত | ঐ | উদয়গঞ্জ |
| ৩ | রামতারণ আশ | ঐ | ... | কেনারাম রক্ষিত | ঐ | রামকৃষ্ণপুর |
| ৪ | মঙ্গলচন্দ্র রক্ষিত | ঐ | ... | মানিকচন্দ্র সেন | ঐ | কোমরগঞ্জ |
| ৫ | হরিমোহন সেন | ঐ | ... | গোপালচন্দ্র রক্ষিত | ঐ | রামচন্দ্রপুর |
| ৬ | চণ্ডীচরণ রক্ষিত | ঐ | ... | গুরুচরণ কুণ্ডু | ঐ | বালি |
| ৭ | রাজ্যেশ্বর রক্ষিত | ঐ | ... | রামধন কুণ্ড | ঐ | বর্দ্ধমান |
| ৮ | যজ্ঞেশ্বর রক্ষিত | ঐ | ... | কেনারাম রক্ষিত | ঐ | রামকৃষ্ণপুর |
| ৯ | হীরালাল রক্ষিত | ঐ | ... | ,, | ঐ | ,, |
| ১০ | বিষ্ণুপদ রক্ষিত | ঐ | ... | মাধবচন্দ্র দে | ৮ | কলিকাতা |
| ১১ | বেনীমাধব দাঁ | ঐ | ... | কেনারাম রক্ষিত | ৪২ | রামকৃষ্ণপুর |
| ১২ | গোপালচন্দ্র রক্ষিত | ঐ | ... | রাসবিহারী দত্ত | ঐ | নবগ্রাম, |
| ১৩ | ৺ আদাড় সেন | ঐ | ... | যজ্ঞেশ্বর সিংহ | ঐ | কল্মীঘোড় |
| ১৪ | ৺ ষষ্টিচরণ রক্ষিত | ঐ | ... | শ্রীমন্তচন্দ্র দে | ঐ | মেদিনীপুর |
| ১৫ | ৺ নৃত্যগোপাল দত্ত | ঐ | ... | গোলকচন্দ্র সেন | ঐ | কল্মীঘোড় |
| ১৬ | ৺ গোপালচন্দ্র পাল | ঐ | ... | ... | ... | ... |
| ১৭ | ৺ বঙ্কুবিহারী সেন | ঐ | ... | ... | ... | ... |
| ১৮ | ৺ রামকৃষ্ণ সেন | ঐ | ... | ... | ... | ... |
| ১৯ | ৺ উমাচরণ রক্ষিত | ঐ | ... | ... | ... | ... |
| ২০ | ভগবানচন্দ্র দাঁ | ঐ | ... | ... | ... | ... |
| ২১ | ৺গোপীমোহন রক্ষিত | ঐ | ... | ... | ... | ... |
| ২২ | চন্দ্রনাথ রক্ষিত | ঐ | ... | মধুসূদন দত্ত | ৪২ | কৃষ্ণনগর |
| ২৩ | ত্রৈলোক্যনাথ সোম | ৪২ | যাদব বাটী | ক্ষুদিরাম আশ | ৬।০ গণ্ডা | মানকর |
| ২৪ | ক্ষুদিরাম আশ | ৬।০ গণ্ডা | মানকর | তেজোময় সোম | ৪২ | হাওড়া |
| ২৫ | তারকনাথ আশ | ঐ | ঐ | ৺ কেশবলাল ভুঁই | ৪২ | মানকর |
| ২৬ | হরিদাস দত্ত | [illegible] | পাতুল | দর্পনারায়ণ সিংহ | ১৪ | ঢাকা |

| সংখ্যা | বরপক্ষ নাম | শ্রেণী | বাসস্থান | কন্যাপক্ষ নাম | শ্রেণী | বাসস্থান |
|---|---|---|---|---|---|---|
| ২৭ | ৺রামেশ্বর দে | বিষ্ণু:৪২ | বাঁকুড়া | বিনোদবিহারী নন্দী | ৪২ | খিলা বরুই-পুর |
| ২৮ | পূর্ণচন্দ্র সিংহ | বর্দ্ধ৪২ | কালনা | বামাপদ রক্ষিত | (হুগলী দক্ষিণ দাঁড়া) | কলিকাতা |
| ২৯ | সুরেশচন্দ্র বর্দ্ধণ এম, এ, | ৮ | বালেশ্বর | ঐ | | কলিকাতা |
| ৩০ | অভয়চরণ কুণ্ডু | ৪ | মেদিনীপুর | বিহারীলাল মল্লিক | ৮ | ঐ |
| ৩১ | রামলাল গিরি | ৪ | ঐ | ব্রজমোহন নন্দী | ৮ | খানাকুল |
| ৩২ | রাধাগোবিন্দ দাস | ৮ | ঐ | ৺রাজকৃষ্ণ পাল | ৭ | কলিকাতা |
| ৩৩ | শ্রীরাম দে | ৪২ | ঐ | গণেশচন্দ্র দে | ৮ | মেদিনীপুর |
| ৩৪ | ৺ব্রজবল্লভ আশ | ১৪ | মানকর | হরিচরণ দে | ৪২ | কলিকাতা |
| ৩৫ | ক্ষুদিরাম আশ | ১৪ | ঐ | ৺খগেন্দ্রনাথ আশ | ৭ | ঐ |
| ৩৬ | শ্যামাচরণ কর | ৮ | কলিকাতা | মন্মথনাথ কর | ৪ | মেদিনীপুর |
| ৩৭ | কুমার মন্মথনাথ দেব বাহাদুর | ৮ | বালেশ্বর | নফরচন্দ্র পাল চৌধুরী | ১৪ | নাটুদহ |
| ৩৮ | অখিলচন্দ্র সেন | ৪২ | হুগলী | ৺হরিদাসপাল | ৭ | খাঁটুরা |
| ৩৯ | ৺উমেশচন্দ্র দাস | ৮ | মেদিনীপুর | রামচন্দ্র পাল | ৭ | ,, |
| ৪০ | ৺বামাপদ রক্ষিত | ৪২ | কলিকাতা | রামদাস পাল | ৭ | গোবরডাঙ্গা |
| ৪১ | ৺কালীচরণ নন্দী | ৪২ | হুগলী | ললিতমোহন রক্ষিত | ৭ | কলিকাতা |
| ৪২ | দুর্গাচরণ রক্ষিত | ৭ | কাশী | নরেন্দ্রনাথ সরকার | ৪২ | হাওড়া |
| ৪৩ | রাখালদাস সিংহ | ১৪ | নাটুদহ | প্যারীমোহন কর | ৪২ | হুগলী |
| ৪৪ | রজনীকান্ত কর | ৮ | বালেশ্বর | সহায়নারায়ণ পাল | ৭ | কলিকাতা |
| ৪৫ | যদুনাথ পাল | ৭ | কলিকাতা | ৺তুলসীদাস সিংহ | ১৪ | হুগলী |
| ৪৬ | ৺প্রেমচাঁদ দে | ৪২ | বাঁকুড়া | বৃন্দাবন সিংহ | ৭ | ঢাকা |
| ৪৭ | ৺দীননাথ দাঁ | ৭ | বরানগর | রাজেন্দ্রনাথ সোম বি, এল | ৪২ | হাওড়া |
| ৪৮ | পূর্ণচন্দ্র দে বি, এ, উদ্ভটসাগর | ৪২ | কলিকাতা | নিতাইচরণ আশ | ৭ | কলিকাতা |
| ৪৯ | বিধুভূষণ কর | ৮ | মেদিনীপুর | ফকিরদাস পাল | ৪ | ঐ |
| ৫০ | ডাঃ রাজেন্দ্র নাথ কুণ্ডু এম, বি | ৪ | ঐ | দুর্গাদাস কর | ৮ | মেদিনীপুর |
| ৫১ | রসিকচন্দ্র দে দালাল | ৪ | খানাকুল | জ্ঞানচরণ পাল | ৮ | খানাকুল |
| ৫২ | সুরেন্দ্রনাথ কুণ্ডু | ৪ | হুগলী | দোল গোবিন্দ… | ৮ | কলিকাতা |
| ৫৩ | সতীশচন্দ্র দত্ত | ৪ | মেদিনীপুর | বিহারীলাল মল্লিক | ৮ | ঐ |
| ৫৪ | গোবিন্দচন্দ্র পাল | ৪ | ঐ | ত্রৈলোক্যনাথ রক্ষিত | ৮ | তমলুক |

দ্রষ্টব্য—১ হইতে ২২ সংখ্যা, ১৩১০ সালে সংগৃহীত। [illegible] হইতে ৫৪ পর্য্যন্ত বিবাহগুলি ১৩২৩-১৩৩৩ সালের মধ্যে অনুষ্ঠিত হইয়াছে। ১৩[illegible]৩ সালের তালিকা পাওয়া যায় নাই; সুতরাং এই তালিকা যে অসম্পূর্ণ, ইহা [illegible]ল্য।

বাংলা দেশে

# শিক্ষিতের সংখ্যা নির্ণয়

( ১৯২১, সেন্সাস অনুসারে )

| | বাংলা ভাষায় শিক্ষিত ( শতকরা হিসাব ) | | ইংরাজিতে শিক্ষিত ( শতকরা হিসাব ) | |
|---|---|---|---|---|
| প্রধান কয়েকটি জাতির নাম | পুরুষ | নারী | পুরুষ | নারী |
| ১। ব্রাহ্ম | ৭৪ | ৭২·৮ | ৫৯ | ৫০·৮ |
| ২। বৈদ্য | ৭১ | ৪৩ | ৪৪·৫ | ৬ |
| ৩। ব্রাহ্মণ | ৬৫ | ১৬·৮ | ২৫ | ১ |
| ৪। গন্ধবণিক | ৫৯ | ৫ | ১০ | ০·২৯ |
| ৫। কায়স্থ | ৫৬ | ১৫ | ২২·৮ | ১ |
| ৬। সুবর্ণবণিক | ৫৫ | ১১ | ১৯ | ০·৮ |
| ৭। তাম্বুলী | ৫২ | ৩·৭ | ৮ | ০·২ |
| ৮। তিলি | ৩৫ | ২·৯ | ৫·৯ | ০·১ |
| ৯। সদ্গোপ | ৩২ | ২ | ৫ | ০·১ |
| ১০। তাঁতি | ২৫·৮ | ২·৫ | ৪·৮ | ০·১ |
| ১১। নাপিত | ২৪ | ১·৬ | ৩ | ০·০৬ |
| ১২। সূত্রধর | ১৯ | ১ | ২ | ০·০৪ |
| ১৩। নমঃশূদ্র | ১৪ | ০·৫ | ১ | ০·০২ |

দ্রষ্টব্য :—বাংলা দেশে তাম্বুলী জাতিতে, প্রতি ১০০ পুরুষের মধ্যে কেবল মাত্র ৫২ জন, এবং প্রতি ১০০ নারীর মধ্যে প্রায় ৪ জন বাংলা ভাষা লিখিতে ও পড়িতে পারে। অর্থাৎ, পুরুষ হইতে নারীর শিক্ষা ১৩ গুণ কম।

প্রতি ১০০ পুরুষের মধ্যে মাত্র ৮ জন ইংরাজিতে শিক্ষিত, এবং প্রতি ৫০০ জন নারীর মধ্যে কেবলমাত্র [illegible] ইংরাজি লিখিতে ও পড়িতে সক্ষম

বাংলায় তাম্বুলা জাতির

# শিক্ষা ও জনসংখ্যা

( ১৯০১—২১, সেন্সাস অনুসারে )

| | জন সংখ্যা | | | বাংলা ভাষায় শিক্ষিত | | ইংরাজি শিক্ষিত | | নিরক্ষর | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | [illegible] |
| ১৯০১ সন | ৫২৩৬২ | ২৫৬০১ | ২৬৭৬১ | * | * | * | * | * | * |
| ১৯১১ সন | ৪৮৬৮৫ | ২৪৪০৬ | ২৪২৭৯ | * | * | * | * | * | * |
| | | | | | | | | শতকরা | শতকরা |
| ১৯২১ সন | ৪৬০০৪ | ২৩২১২ | ২২৭৯২ | ১২০৭১ | ৮৫১ | ১৮৬৫ | ৫১ | ৪৮ | ৯৬.৩ |

দ্রষ্টব্য—১৯০১ ও ১৯১১ সালের সেন্সাস রিপোর্টে তাম্বলী জাতির শিক্ষা বিষয়ে কোনরূপ উল্লেখ নাই।

## তাম্বুলী জাতির

# জনসংখ্যা

( ১৯২১, সেন্সাস অনুসারে )

| বিভাগ ও জেলা | | পুরুষ | নারী | সমষ্টি |
|---|---|---|---|---|
| বাংলা | | ২৩,২৪৩ | ২২,৮০২ | ৪৬,০৪৫ |
| ( ১ ) ইংরাজ রাজ্য | | ” | ” | ” |
| ক ) বর্দ্ধমান বিভাগ | | ১৮,৯১৮ | ১৯,১৭৬ | ৩৮,০৯৪, |
| বর্দ্ধমান | ... | ২,১১৯ | ২,৩৪৫ | ৪,৪৬১ |
| বীরভূম | ... | ৭১৬ | ৫৬৫ | ১,২৮১ |
| বাঁকুড়া | ... | ৯,৫০৬ | ৯,৩৬৫ | ১৮,৮৭১ |
| মেদিনীপুর | ... | ৩,৫৪৯ | ৩,৩৯০ | ৬,৯৩৯ |
| হুগলী | ... | ১,৯৯৮ | ২,৪৬৪ | ৪,৪৬২ |
| হাওড়া | ... | ১,০৩০ | ১,০৪৭ | ২,০৭৭ |
| খ ) প্রেসিডেন্সি বিভাগ | | ৩,৩৮২ | ২,৭২৭ | ৬,১০৯ |
| ২৪ পরগণা | ... | ৫৬৮ | ৫২৩ | ১,০৯১ |
| কলিকাতা | ... | ১,৬৭০ | ৯৩৩ | ২,৬০৩ |
| নদীয়া | ... | ৮৬৩ | ১,০০৩ | ১,৮৬৬ |
| মুরশিদাবাদ | ... | ২৪৬ | ২০৭ | ৪৫৩ |
| যশোহর | ... | ৩০ | ৬১ | ৯১ |
| খুলনা | ... | ৫ | ... | ৫ |
| গ ) রাজসাহী বিভাগ | ... | ৫৬৭ | ৪৭৮ | ১,০৪৫ |
| রাজসাহী | ... | ১৬৪ | ১৩৯ | ৩০৩ |
| দিনাজপুর | ... | ৭০ | ২৬ | ৯৬ |
| জলপাইগুড়ি | ... | ১৮ | ১০ | ২৮ |
| দার্জ্জিলিং | ... | ২৯ | ৫ | ৩৪ |
| রংপুর | ... | ২৬ | ২৫ | ৫১ |
| বগুড়া | ... | ৫৫ | ৮১ | ১৩৬ |
| পাবনা | ... | ৭২ | ৫৭ | ১২৯ |
| মালদহ | ... | ১৬৩ | ১৩৫ | ২৯৮ |

গ্রন্থকার প্রণীত

# নিবৃত্তির পথে

ষড়্‌দর্শন প্রসঙ্গ ও পৌরাণিক সাধনা তন্ত্র

শাস্ত্রতত্ত্ব অবগত হইতে হইলে প্রথমে বেদ, পরে দর্শন, তদনন্তর স্মৃতি ও পুরাণ পাঠ আবশ্যক। তাহা হইলে মত ও ব্যবহারের ক্রম-বিকাশ লক্ষিত হইবে। এই পুস্তকে উহার আভাস প্রদত্ত হইয়াছে। 'চূর্ণকে' ষড়্‌দর্শন সংশ্লেষণকরতঃ পাশ্চাত্য দার্শনিক মতের উল্লেখ আছে। তন্ত্র কি, বুঝা যাইবে। মূল্য ৷৹ আনা।

পূর্ব্ববর্ত্তী সংস্করণের

# ফলশ্রুতি

বসুমতী। ২৩শে শ্রাবণ, ১৩১০।

শ্রীযুক্ত দুর্গাচরণ রক্ষিত সম্পাদিত। বঙ্গীয় তাম্বূলী বৈশ্য জাতির ইতিহাস, জাতিতত্ত্ব ও সৎশূদ্রের বৈশ্যত্ব বিষয়ক প্রস্তাব। শ্রীযুক্ত দুর্গাচরণ-বাবু বহুদিন হইতে এই বিষয়ের আলোচনা করিতেছেন। তিনি পণ্ডিত ব্যক্তি; তিনি যে সমস্ত প্রমাণ সংগ্রহ করিয়াছেন তাহা অকাট্য বলিয়াই আমাদের মনে হয়। যাঁহারা এই বিষয়ে বিশেষ আলোচনা করিতেছেন তাঁহারা দুর্গাচরণ-বাবুর এই পুস্তকখানি অভিনিবেশ-সহকারে পাঠ করিলে, বৈশ্য জাতির ইতিহাস সম্বন্ধে অবশ্য-জ্ঞাতব্য সমস্ত বিষয়ই জানিতে পারিবেন।

# সচিত্র ভারত-প্রদক্ষিণ

[ ৩য় সংস্করণ—পুনঃপরিবর্দ্ধিত ]

গোটা ভারতের রীতি-নীতি, আচার, পরিচ্ছদ, ধর্ম্ম, সমাজ, জাতিতত্ত্ব, শিল্প বিভিন্ন স্থাপত্য প্রণালী ও প্রাকৃতিক সৌন্দর্য্যের শিক্ষা-প্রদ ও মনোজ্ঞ পরিচয়।

২০ খানি সুন্দর হাফটোন চিত্রে, ভারতের দেবশিল্প ও মানবশিল্পের নিদর্শন।

প্রবাসী, নব্যভারত, সঞ্জিবনী, মানসী ও মর্ম্মবাণী, জন্মভূমি, কুশদহ, কল্লোল, দেবালয়, সুপ্রভাত, সময়, অমৃতবাজার ও বেঙ্গলী পত্রিকায় উচ্চ প্রশংসিত।

প্রবাসী :—* * * দেশভ্রমণ যে অতিশয় শিক্ষাপ্রদ, আনন্দদায়ক ও মানসিক উদারতা-বর্দ্ধক, তাহাতে সন্দেহ মাত্র নাই। এইজন্য সকলেরই যথাসাধ্য ভ্রমণ করা উচিত ; নিতান্ত না পারিলে অপরের ভ্রমণ-বৃত্তান্ত পড়া উচিত। শুধু শরীরটাকে নানা স্থানে বহন করিয়া লইয়া বেড়াইলেই কিন্তু দেশ ভ্রমণের ফললাভ হয় না। দেখিবার চোখ চাই ; শুনিবার কাণ চাই, কৌতূহল চাই। বিভিন্ন পরিচ্ছদ, রং, আচার ও ভাষার অন্তরালে আমাদের সাধারণ মানবত্ব ও মানবের সদ্‌গুণ অনুভব করিবারও ক্ষমতা চাই। এই গ্রন্থের লেখকের যথেষ্ট পর্য্যবেক্ষণ শক্তি ও ভ্রমণকারীর অন্যবিধ গুণ থাকায় পুস্তকখানি অতি উপাদেয় হইয়াছে। ইহা হইতে আমরা একাধারে আমোদ ও জ্ঞান লাভ করিয়াছি। ইহাতে অসার বাক্যপূর্ণ কবিত্বানুকারী বর্ণনার চেষ্টা নাই। প্রতি পৃষ্ঠা নানা কৌতূহলোদ্দীপক তথ্যে পূর্ণ। বাস্তবিক এই গ্রন্থ পড়িলে ভারতবর্ষে যে কতপ্রকার রীতি-নীতি, আচার ও পরিচ্ছদ প্রচলিত আছে, এই দেশে যে কত জাতির বাস, হিন্দুধর্ম্ম ও সমাজ যে কত বিভিন্নরূপ ধারণ করিয়াছে, তাহা বেশ বুঝা যায়।

সুরম্য সিল্কের প্রচ্ছদপট…৪৬৮+১৮ পৃষ্ঠা।

উপহার ও গ্রন্থালয়ের জন্য উৎকৃষ্ট…মূল্য ৩৲ টাকা